হিরণ্যগর্ভ
একাদশ বর্ষ, চতুর্থ সংখ্যা
১লা মাঘ, ১৪২৫

Hiranyagarbha
Volume 11, No. 4
हिरण्यगर्भ
एकादश वर्ष, चतुर्थ संख्या
तारिख–१५जनवरी, २०१९

১লা মাঘ, ১৪২৫ 15th January, 2019

সূচীপত্র ▫ Contents

বাংলা বিভাগ ঃ—

বিষ্ণু অবতার দত্তাত্রেয় ভগবান	শ্রীশ্রীমা সর্বাণী	05
জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে	শ্রীশ্রীমা সর্বাণী	09
জীবনাভাস	শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়	10
শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী	বৃহৎ কিশোরী ভাগবত	12
যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা	শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়	13
গীতা ভাবনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	15
গুরুগীতা	যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়	16
শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক কথা	শ্রীশ্রীমা সর্বাণী	17
মহাপ্রস্থানের পথে	শ্রীসৌরভ বসু	18
রেবতী নক্ষত্ররূপা কন্যা রেবতী	শ্রীশ্রীমা সর্বাণী	20
শিবাত্মজা নর্মদা	শ্রীশ্রীমা সর্বাণী	21
যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে	শ্রীশ্রীমা সর্বাণী	22
কোথায় তোমরা চলেছ?	শ্রীবিজন কুমার সেনগুপ্ত	23
নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা	অধ্যাপক ডক্টর উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায়	25
শ্রীশ্রীমায়ের সৎসঙ্গ	শ্রীমতী অদিতি মুখোপাধ্যায়	26

हिन्दी विभाग ः—

विष्णु अवतार दत्तात्रेय भगवान	श्रीमती ज्योति पारेख	28
गुरुगीता	श्रीश्रीमाँ सर्वाणी	32
ज्ञानगंज के योग प्रसंग पर	श्रीविमलानन्द	33
श्रीश्रीमाँ का आध्यात्मिक कथोपकथन	श्रीमती ज्योति पारेख	35
श्रीश्रीभगवान किशोरी मोहन की पत्रावली	श्रीविमलानन्द	36
उन्मेष	श्रीमती सुशीला सेठिया	37
रेवती नक्षत्ररूपा कन्या रेवती	श्रीमती ज्योति पारेख	38
महाप्रस्थान के पथ पर	श्रीमती ज्योति पारेख	39
योगीश्वर के रूप में श्रीश्रीसरोज बाबा	श्रीचंद्र पारेख	42
शिवात्मजा नर्मदा	श्रीमती ज्योति पारेख	43
योग प्रसंग पर उपलब्धित आलोक	श्रीविमलानन्द	44

English Section ः—

Vishnu Avatar Dattatreya Bhagwan	Prof. Partha Pratim Chakrabarti	46
Sri Sri Saroj Baba as Spiritual Supremo	Dr. Barun Dutta	51
The Philosophy of Truth	Dr. Barun Dutta	52
Gems From the Garland of Letters	Sri Arnab Sarkar	53
Unmesh	Dr. Durgesh Chakrabarty	55
Biography of Manicklal Dutta	Dr. Barun Dutta	56

ISBN No. 978-81-935091-8-0

Cover : Sri Sri Dattatreya Bhagwan

Printed and Published by Dr. Barun Dutta on behalf of Mata Sharbani Trust, Plaza Housing, Vill : Jagannathpur (Shibrampur), P.O. : Ashuti, Pin : 700141, 24 Parganas (South), West Bengal, India. Tel : (033) 2488-1826, website : www.akhandamahapeeth.org, Email : akhanda.mahapeeth@gmail.com. Printed at : Rama Art Press, 6/30, Dum Dum Road, Kolkata-700 030, Tel : 2557-4419

Editor : Shri Arnab Sarkar • Associate Editors : Smt. Keya Chakraborty and Shri Mohit Shukla

সম্পাদকীয় / Editorial

শীতরাত্রির পৌষালী কুয়াশা যখন আকাশের নক্ষত্রমণ্ডলীকে আবৃত করে রাখে কুজ্ঝটিকার মোড়কে, অখিল চরাচর শীতের চাদর গায়ে যখন হয়ে থাকে নিঝুম-নিস্তব্ধ, তখনই গীর্জায় গীর্জায় সুমধুর ঘন্টাধ্বনি বরণ করে নেয় ইংরাজী নববর্ষকে। মধ্য-রাত্রিক প্রার্থনায় জ্যোতির্ময় ঈশ্বরপুরুষ যীশুর চরণকমলে আমরা আনত হই — নতুন বছরের অনাগত দিনগুলি নতুন উদ্দীপনা, সম্ভাবনা ও সৎকর্মাদির মধ্যে যাপন করার নতুন শপথ গ্রহণ করি।

ইংরাজী নতুন বছর আমাদের আশ্রমিক জীবনে বহন করে আনে এক বিশেষ উদ্দীপনা ও আধ্যাত্মিক ভাবমাধুরীর সঞ্জীবন। মকর-সংক্রান্তির পরম পুণ্যলগ্নে ভক্তি-বিনম্র চিত্তে আমরা পালন করব অখণ্ড মহাপীঠস্থ পুণ্যমন্দিরে শ্রীশ্রীগুরুমহারাজগণের পুণ্য অভিষেক-লগ্নের একাদশ বার্ষিকী মহোৎসব। ধূপ-দীপ-পুষ্প-ভক্তি সঙ্গীত মুখরিত আশ্রম-প্রাঙ্গণে, তাঁদের রাতুল চরণে আমাদের দীন অন্তরের নৈবেদ্য নিবেদন করে আমরা ধন্য হব।

হিরণ্যগর্ভের এই সংখ্যাটিতে শ্রীশ্রীমা বিধৃত করেছেন বিষ্ণু অংশাবতার শ্রীশ্রীদত্তাত্রেয় ভগবানের অলৌকিক জীবনবেধ। ব্রহ্মার মানসপুত্র ব্রহ্মর্ষি অত্রি ও মহাসতী অনুসূয়ার পুত্র দত্তাত্রেয়। তিঁনি জন্মসিদ্ধ তপস্বী, আদিত্য সম ভাস্বর, মহাপ্রাজ্ঞ, যোগশাস্ত্রবেত্তা। তিঁনি পরমব্রহ্মের প্রতিভূ, স্বয়ংসিদ্ধ, আত্মজ্ঞানী, জীবন্মুক্ত — একই দেহে ত্রিদেব বিভূতিযুক্ত।

আজ মকর-সংক্রান্তির পুণ্যলগ্নে হিরণ্যগর্ভের এই বিশেষ সংখ্যাটি এই ব্রহ্মসদৃশ আলোকপুরুষের চরণে নিবেদন করে আমরা প্রার্থনা জানাই , "হে মহামানব! আমাদের মনের কলুষ নাশ কর — মনের অজ্ঞানতার আবরণ অপসারিত করে মানবমনে জ্ঞানের আলোকবর্তিকা প্রজ্জ্বলিত কর।"

— হরি ওম্ তৎ সৎ —

As the winter fog shrouds the stars in the night sky, as the nature reposes sleepily under the blanket of mist, bells chime in the churches to usher in the New Year! The devout gather in the midnight mass to prostrate their humble souls on the hallowed feet of the Lord and take vows afresh to spend the forthcoming year amidst devotion and dedicate our lives to spiritual and noble pursuits.

The New Year carries a special significance in the lives of the Ashramites and devotees here, as we prepare ourselves to observe, with utmost piety and devotion, the enthronement anniversary of the Shri Shri Guru Maharajas in Akhanda Mahapeeth. We feel deeply blessed through offering the humble homage of our hearts at Their hallowed feet.

In this edition of Hiranyagarbha, Sree Sree Maa has elaborated upon the divine life and spiritual philosophy of Bhagwan Shri Dattatreya, the enlightened son of the great sage Atri, the Manasputra of Brahma, and Anusuya, the embodiment of Mother Divine. Being an incarnation of Lord Vishnu, Saint Dattatreya was an enlightened person right from His birth, aglow with the supreme knowledge and was a great preacher of yogic truth and tenets. He was endowed with the divine power of the three Lords – Brahma, Vishnu and Shiva.

On the auspicious occasion of Makara Sankranti, we humbly dedicate this issue of Hiranyagarbha on His holy feet and beseech His blessings to lift the veil of our ignorance from our mind and kindly bless us by igniting the spark of knowledge in our modest minds.

বিষ্ণু অবতার দত্তাত্রেয় ভগবান

শ্রীশ্রীমা সর্বাণী

ব্রহ্মার মানসপুত্র মহর্ষি অত্রির অন্যতম তনয় ছিলেন ‘দত্ত’। দত্তের মাতা ছিলেন অনসূয়া দেবী। তিনি অতিশয় সাধ্বী ছিলেন। মহর্ষি অত্রি পুত্র কামনা করিয়া বৈকুণ্ঠাধিপতি নারায়ণের উপাসনা করিলে পরে তাঁহার প্রতি সন্তুষ্ট হইয়া শ্রীভগবান নারায়ণ দর্শন দিয়া তাঁহাকে বলিয়াছিলেন, “আমি পুত্ররূপে তোমাকে দত্ত হইলাম।” সেইজন্য অত্রির পুত্র ‘দত্তাত্রেয়’ নামে খ্যাত হন। দত্তাত্রেয় বিষ্ণুর ষষ্ঠ অবতার ছিলেন। তাঁহার মাতা অনসূয়া দেবী সতীগণের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন।



দত্তাত্রেয় ভগবান

অত্রির স্ত্রী অনসূয়ার সতীত্ব পরীক্ষা করিবার জন্যে একবার ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বর অত্রি-আশ্রমে আসিলেন। ত্রিদেব সাধু ব্রাহ্মণের বেশে ছিলেন। দেবী অনসূয়া যখন পাদ্য অর্ঘ্য এবং আচমনীয় লইয়া আসিলেন, তখন তাঁহারা উহা স্বীকার করিলেন না এবং দাবী করিলেন যে অনসূয়া দেবী নিজ শিশুপুত্র সন্তানের মত তাঁহাদের সঙ্গে আচরণ করুন; ইহা সম্ভব হইলে তখন পাদ্য-অর্ঘ্য স্বীকার করা যাইবে। তপোতেজোময়ী সতী তখনই তাঁহাদের কপট বুঝিতে পারিলেন এবং তিনি তখন তাঁহাদের গাত্রে নিজ স্বামীর পাদোদক ছিটাইয়া বলিলেন, “বাল ভব”। তৎক্ষণাৎ ত্রিদেব ছয় মাসের শিশুতে পরিণত হইলে তখন দেবী অনসূয়া তাঁহাদের ক্রোড়ে লইয়া স্তন্যপান করান। অনসূয়ার এই অদ্ভুত অপূর্ব মহিমায় তখন ত্রিদেব মুগ্ধ হইয়া বর দিতে চাহিলে দেবী অনসূয়া ত্রিদেবকেই পুত্ররূপে প্রাপ্ত হইবার বর চান। ফলে ব্রহ্মার অংশে সোম, বিষ্ণুর অংশে দত্তাত্রেয় ও মহেশ্বরের অংশে দুর্বাসা জন্মগ্রহণ করেন। অগ্রহায়ণ পূর্ণিমাতে দত্তাত্রেয়ের জন্ম হয়।

শৈশব হইতেই দত্তাত্রেয় তপস্যায় মগ্ন থাকিতেন। যোগশাস্ত্রবেত্তা বলিয়া দত্তাত্রেয়ের খ্যাতি সর্বত্র ছড়াইয়া পড়ে। ভারতের উত্তর হইতে দক্ষিণ পর্য্যন্ত তাঁহার তপোতীর্থ দেখিতে পাওয়া যায়। দত্তাত্রেয় বহু মুনি, ঋষি, সুর ও অসুরকে আত্মবিদ্যা শিক্ষা দিয়াছিলেন, তন্মধ্যে ছিলেন সহস্রার্জুন, অলর্ক, প্রহ্লাদ, ভার্গব, পরশুরাম, যদু ও হৈহয়রাজ কার্তবীর্য্যার্জুন। কার্তবীর্য্যার্জুন দত্তাত্রেয় ঋষির কল্যাণে চারিটি বিশেষ বরলাভ করেন। এই বরদানের প্রভাবে তিনি যুদ্ধক্ষেত্রে সহস্র বাহুধারীরূপ এবং অন্য সময় দ্বিবাহু হওয়ার ক্ষমতা পান, একই সঙ্গে সমগ্র পৃথিবী জয়ের শক্তিলাভ করিবারও বর পান। তাঁহার তৃতীয় বরটি ছিল ধর্মরাজ্য স্থাপন ও প্রতিপালনের বর। ইহা ভিন্ন তিনি উদ্ধত না হওয়ার আশীর্বাদ প্রার্থনা করিয়াছিলেন। দত্তাত্রেয়ের বরদানে কার্তবীর্য্যার্জুন পৃথু, নহুষ প্রমুখ শ্রেষ্ঠ রাজন্যবর্গের সমতুল্য বলিয়া মহাভারতের বনপর্বে কথিত হইয়াছেন। নৃপতি নহুষ দত্তাত্রেয়ের কৃপায় জন্মগ্রহণ করেন।

বিষ্ণু দত্তাত্রেয় অবতারে যজ্ঞ ক্রিয়ার সহিত বেদ সকলকে প্রত্যানয়ন করেন। মহর্ষি দত্তাত্রেয় ‘অবধূত গীতা’ প্রণয়ন করেন। ভগবান বিষ্ণুর অংশাবতার হওয়ায় তিনি জন্ম হইতেই সিদ্ধ ছিলেন। তাঁহার সত্তার ভিতর সৎগুণের গ্রাহ্য শক্তি এতই তীব্র ছিল যে সৃষ্টির অণুতে-পরমাণুতে তিনি কোন না কোন শুদ্ধগুণ খুঁজিয়া লইতেন।

দত্তাত্রেয়ের মধ্যে গুরু বিনাই জ্ঞানালোক প্রকাশিত হইয়াছিল। দত্তাত্রেয় ঘোষণা করিয়াছিলেন যে তাঁহার আত্মচেতনার অনুভব হইয়া গিয়াছে, তিনি নিজেই নিজের গুরু হইয়া যান। ভগবৎসত্তার ক্ষেত্রে ইহা সম্ভব, অন্যের নহে। ভগবৎ সত্তায় আত্মজ্ঞান লাভের জন্যে অন্য গুরুর আবশ্যক হয় না। পরমব্রহ্মের প্রতিভূ বলিয়া তাঁহাদের মধ্যে জ্ঞান স্বতঃসিদ্ধ। মহর্ষি অত্রির তিন পুত্রের মধ্যে দত্তাত্রেয় বাল্যকাল হইতেই জ্ঞান আর বৈরাগ্য সম্পন্ন ছিলেন। যখন বড় হইলেন তখন অন্তরের পরা-বৈরাগ্যের কারণে তিনি কখনো বনে জঙ্গলে, কখনও পর্বতে পর্বতে বিচরণ করিতে লাগিলেন।

কখনও শূন্য দেবালয়ে গিয়া তিনি ধ্যানাবস্থিত থাকিতেন। একদিন দত্তাত্রেয় আপন মনে আপন ভাবে মগ্নানন্দে বিভোর হাতীর মত চলিয়া যাইতেছিলেন। তাঁহাকে এইরূপ বিভোর এবং পরমানন্দে লীন দেখিয়া একজন রাজা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন যে, "আপনি এমন কোন বস্তু প্রাপ্ত হইয়াছেন যে যার কারণে আপনি এতই বিভোর এবং আনন্দমগ্ন থাকেন?" (অর্থাৎ, এমন আনন্দ আপনি কোন গুরুর কাছে প্রাপ্ত হইলেন?) রাজার এই প্রশ্ন শুনিয়া ভগবান দত্তাত্রেয় বলিলেন, -"সর্বজনের গুরু তো নিজের আত্মাই হয়, কারণ প্রত্যক্ষ এবং অনুমান স্বরূপ নিজ আত্মজ্ঞান হইতেই সর্বজন কল্যাণ প্রাপ্ত হন।" দত্তাত্রেয় আবার বলিলেন, "হে রাজন্! আমি কোনো একজন মনুষ্যকে গুরু করিনি, আমি কাহারও নিকট হইতে কানে ফুঁক দেওয়া মন্ত্রও লই নাই কিন্তু যাহার যাহার মধ্যে যে যে সদ্‌গুণ আমার বুদ্ধিদীপ্ত দৃষ্টির নজরে পড়িয়াছে, সেই সেই গুণকেই আমি আমার স্বভাবে ধারণ করিয়া লইয়াছি, এই কারণে উহারা সকলেই আমার গুরু। এই প্রকারে আমার ২৪ জন গুরু আছেন।" তখন রাজা বলিলেন -"যে ২৪ জন হইতে আপনি যে যে গুণ প্রাপ্ত হইয়াছেন তাহাদের নাম আপনি আমায় বলুন তথা উহাদের থেকে আপনি কি কি গুণ গ্রহণ করিয়াছেন, সে বিষয়েও বিস্তারিত বলুন যাহাতে আমারও সম্যক জ্ঞানলাভ হয়।" দত্তাত্রেয় তখন রাজাকে জিজ্ঞাসু জানিয়া বলিলেন, "হে রাজন্! তুমি একাগ্র হইয়া শ্রবণ করো। প্রথমে আমি সেই ২৪ জন গুরুবরের নাম তোমায় বলিব এবং তৎপরে উহাদের গুণ বিষয়ে বর্ণনা করিব। আমার ২৪ জন গুরু হইলেন - (১) পৃথ্বী (২) জল (৩) অগ্নি (৪) বায়ু (৫) আকাশ (৬) চন্দ্রমা (৭) সূর্য (৮) কপোত (৯) অজগর (১০) সিন্ধু (১১) পতঙ্গ (১২) ভ্রমর (১৩) মধুমক্ষী (১৪) গজ (১৫) মৃগ (১৬) মীন (১৭) পিঙ্গলা (১৮) কুরর পক্ষী (ক্রৌঞ্চ) (১৯) বালক (২০) কুমারী (২১) সর্প (২২) শরকৃৎ (২৩) মাকড়সা (২৪) ভৃঙ্গী (স্ত্রী ভ্রমর)।

ঐ ২৪ গুরু হইতে যে এক-একটি গুণ আমি গ্রহণ করিয়াছি সেই গুণগুলি এই প্রকার : (১) পৃথ্বী - দত্তাত্রেয় বলিয়াছেন যে ক্ষমা এবং পরোপকার এই দুটি গুণ তিনি পৃথ্বী হইতে প্রাপ্ত হইয়াছেন। (২) জল - জল হইতে স্বচ্ছতা এবং মাধুর্য্য স্বভাব তিনি প্রাপ্ত হইয়াছেন। (৩) অগ্নি - মানুষের যাহার যতটা ক্ষমতা ততটাই গ্রহণ করিতে হয় যেমন অগ্নির আপন উদরই পাত্র; সেই পাত্রে তাঁহার যতটা ক্ষমতা, ততটাই তিনি সঞ্চয় করেন। তাহার অধিক সংগ্রহের প্রয়োজন নাই। (৪) বায়ু - যেমন বায়ু নিরন্তর চলাচল করেন কিন্তু কোন পদার্থেই আসক্ত হন না। সেই প্রকার মানুষেরও করা উচিত। অধিক ভোগেচ্ছা করিতে হয় না। (৫) আকাশ - যেমন আকাশে সূর্য্য, চন্দ্র, তারাগণ, বায়ু, বাদলাদি থাকে, কিন্তু আকাশের ঐ সকল কোন বস্তুর সঙ্গেই সম্বন্ধ থাকে না, আকাশ সদাই অসঙ্গই রহেন। আকাশ ব্যাপক এবং অসঙ্গ, যেমন সত্তায় আত্মা অসঙ্গ এবং ব্যাপক। দেহের সঙ্গে আত্মার কোন সম্বন্ধ নেই এবং সংসারে থাকিয়াও আত্মা কোন কিছুতেই লিপ্ত হন না। এই কারণে দত্তাত্রেয় ঋষি তাঁহাদের গুরু মানিয়াছেন। (৬) চন্দ্রমা - দত্তাত্রেয় রাজাকে বলিলেন, যেমন চন্দ্রমা সর্বকালে একরস রহেন, ছোট বা বড় হন না, তিনি পূর্ণই থাকেন কিন্তু পৃথ্বীর ছায়া পড়িলে তাঁহার হ্রাস ও বৃদ্ধি জানা যায়। কিন্তু তাঁহার স্বরূপের কখনও হ্রাস ও বৃদ্ধি হয় না, ঠিক তেমনই আত্মাও পূর্ণ রহেন। আত্মার হ্রাস-বৃদ্ধি নাই, তিনি চন্দ্রমার মত সর্বকালে একরস। (৭) দত্তাত্রেয়র সপ্তম গুরু সূর্য্য। যেমন সূর্য্য তাঁহার কিরণের দ্বারা পৃথিবীর তলদেশ হইতে জলকে টানিয়া আবার সময়ে তাহা পরিত্যাগ করিয়া দেন, সেই প্রকার বিদ্বান পুরুষেরও নিজ ইন্দ্রিয় দ্বারা বিষয় গ্রহণ করিয়া আবার ত্যাগ করিতে হইবে। (৮) কপোত - দত্তাত্রেয়র অষ্টম গুরু কপোত। স্নেহ মানুষের মৃত্যুর কারণ হইয়া দাঁড়ায়, সেই কারণে মানুষের স্নেহকে ত্যাগ করিতে হইবে। একবার দত্তাত্রেয় দেখিয়াছিলেন, বনের মধ্যে এক বৃক্ষের উপর একটি কপোত এবং কপোতিনী থাকিত। সেই বৃক্ষতেই বাসা বাঁধিয়া ক্রমে উহারা সন্তান উৎপন্ন করিল। যখন সেই কপোত শিশুরা বড় হইল তখন উহারা বৃক্ষের নিম্নভাগে নামিয়া খেলিতে লাগিল। একদিন সেখানে একজন ব্যাধ আসিলে কপোত শিশুদের দেখিতে পাইল এবং জাল বিছাইয়া উহাদের ধরিয়া ফেলিল। ইহা দর্শনে তখন কপোতিনী ভাবিল 'যাহার সন্তান সন্ততির মৃত্যু হয় তাহার মরণই ভাল।' ইহা ভাবিয়া কপোতিনী সেই জালের মধ্যে স্বেচ্ছায় পড়িয়া গেল এবং ব্যাধ তাহাকে ধরিয়া ফেলিল। ইহা দর্শনে স্নেহবশে তখন কপোতও কপোতিনীর গতি লাভ করিল। স্নেহের বশেই ব্যাধের হস্তে সকলের মৃত্যু হইল।" এই কাহিনী বিবৃত করিয়া দত্তাত্রেয় রাজাকে বলিলেন,"মানুষের জন্ম আর মরণের কারণই হইল স্নেহ। সেই কারণে বীতরাগী মানুষের স্নেহকে ত্যাগ করিতে হইবে, ইহাই মোক্ষের সাধন।" (৯) অজগর - যেমন অজগর একস্থানে একই ভাবে পড়িয়া থাকে এবং

নিজের ভোজনের জন্যেও যত্নবান হয় না, যা কিছু দৈবযোগে পাওয়া যায় তাহাতেই সে সন্তুষ্ট থাকে, তাহার অধিকও কখনো ইচ্ছা করে না, সংগ্রহও করে না সেই প্রকার সন্ন্যাসীরও ঈশ্বরে বিশ্বাস স্থাপন করিয়া যা কিছু প্রাপ্তি হয় তাহাতেই সন্তুষ্ট থাকিতে হইবে। (১০) সিন্ধু - যেমন সমুদ্রে অনেক নদ নদীর জল আসিয়া সম্মিলিত হইলেও সমুদ্র চলায়মান হন না, সিন্ধু কখনোই আপনার মর্য্যাদা লঙ্ঘন করেন না, সেই প্রকার সন্ন্যাসীর মনও অনেক ভোগ্য বিষয় সম্মুখে দেখিয়াও চঞ্চল হয় না। যিনি প্রকৃত সন্ন্যাসী তিনি সর্বদা আপন মর্য্যাদায় অটল রহেন। সিন্ধুর এই মহান গুণ দত্তাত্রেয় গ্রহণ করিয়াছেন। ইহার পর দত্তাত্রেয় রাজাকে বলিলেন, "হে রাজন্! (১১) পতঙ্গ, (১২) ভ্রমর, (১৩) মধুমক্ষী, (১৪) গজ, (১৫) মৃগ এবং (১৬) মীন ইহারা সকলেই ইন্দ্রিয়জ গ্রাহ্য বিষয়ের প্রতি আসক্ত হইয়া নিজ নিজ প্রাণ বিসর্জন দেয়, সেই কারণে মানুষের ইন্দ্রিয়াদি দ্বারা গ্রাহ্য বিষয়ের প্রতি আসক্ত না হইয়া ঐগুলির প্রতি বৈরাগ্য ধারণ করিয়া আপন দুর্গতি হইতে ত্রাণলাভ করিতে হইবে। যেমন পতঙ্গ দীপকে মোহিত হইয়া অগ্নিতে প্রাণ বিসর্জন দেয়, তেমন পুরুষ মানুষ যদি স্ত্রীর রূপে মোহিত হয় এবং আকর্ষিত হয় তবে তাহার মুক্তির পথ রুদ্ধ হইয়া যায়। যেমন ভ্রমর কমলের গন্ধে প্রভাবিত হইয়া কমল মধ্যে আটকাইয়া যায়, তেমন বাসনার কারণে মানুষ স্বয়ংই সংসারে লিপ্ত রয় যার ফলে মুক্তির পথ রুদ্ধ হয়। যেমন মধুমক্ষী বহু শ্রমে নিজ ঘর নির্মাণ করিয়া তাহার মধ্যে মধু সঞ্চয় করিয়া থাকে, কিন্তু নিজে তাহার লাভ উঠাইতে পারে না, অন্যে সেই লাভ উঠায় এবং মধু সংগ্রহই তাহার জীবনে মৃত্যুর কারণ হয়। তেমনি সন্ন্যাসীরও সংগ্রহের বৃত্তি হইতে দূরে থাকা বাঞ্ছনীয়।" এই প্রকার জীবগণের স্বভাবের উদাহরণ দিয়া দত্তাত্রেয় ভগবান রাজাকে মোক্ষলাভের উপদেশ প্রদান করিয়াছিলেন।

এইবার দত্তাত্রেয় তাঁহার (১৭) তম গুরু পিঙ্গলার কথা রাজাকে বলিলেন। তিনি বলিলেন, "হে রাজন! নিরাশার গুণ আমি এক বেশ্যার নিকট শিখিয়াছি। এক নগরে পিঙ্গলা নামে একজন বেশ্যা থাকিত। সে তাহার গ্রাহকদের জন্যে শৃঙ্গার করিয়া জানালায় বসিয়া বাদর দেখিত। একদিন তাহার নিকট কোন গ্রাহক না আসিলে সে অশান্ত হৃদয়ে নিরাশ হইয়া নিজ কর্মকে ঘৃণা করিতে লাগিল। ঠিক এই প্রকার সংসারী মানুষ তাহার ঈপ্সিত ভোগ্য সামগ্রী প্রাপ্ত না হইলে নিরাশ হইয়া 'ভোগে সুখ হয় না' এই বোধ করিয়া আত্মজ্ঞানের পথে অগ্রসর হইলে তখন সাচ্চা সুখের সন্ধান পায়। (১৮) কুরর পক্ষী - ইহার নিকট দত্তাত্রেয় ভোগ ত্যাগ হইতে সুখ প্রাপ্তির শিক্ষা প্রাপ্ত হইয়াছিলেন। (১৯) বালক - দুধ খাইয়া বালক যেমন চিন্তারহিত হইয়া যেই প্রকার ঘুমাইয়া পড়ে, ঠিক তেমনই ভিক্ষান্নতে যাহা কিছু প্রাপ্তি হয়, তাহা ভোজনান্তে সর্বপ্রকার চিন্তা মুক্ত হইয়া সন্ন্যাসী ঘুমাইয়া পড়ে। চিন্তা রহিত থাকিবার গুণ দত্তাত্রেয় বালকের নিকট প্রাপ্ত হইয়াছিলেন (২০) কুমারী - একেলা নিঃসঙ্গ থাকিবার গুণ দত্তাত্রেয় এক কুমারী কন্যার নিকট শিক্ষালাভ করিয়াছিলেন। ধ্যান সিদ্ধ হইতে হইলে সন্ন্যাসীদের সর্বদা একলা অবস্থান করা উচিত। (২১) সর্প - যেমন সর্প নিজের গৃহ তৈরী করে না, প্রকৃতিজ ঘরেই নিবাস করিয়া থাকে, সেই প্রকার সন্ন্যাসীদেরও নিজ আলয় তৈরী করা উচিত নয় যাহাতে ঘরের প্রতি তাহার মোহ না জন্মায়। উহারা নির্মিত মন্দিরে, দেবদেউলে এবং গুফাতেই নিবাস করিয়া থাকে।

(২২) শরকৃৎ - মন একাগ্র কবির গুণ দত্তাত্রেয় একজন শরকৃৎ অর্থাৎ বাণ নির্মাতার নিকট শিক্ষা করিয়াছিলেন। বাণকে সিধা করিয়া নির্মাণ করিতে এবং লক্ষ্যভেদ করিতে যে একাগ্রতার প্রয়োজন হয়, সেই রকম একাগ্রতাই প্রত্যেক যোগীর হওয়া প্রয়োজন। ব্রহ্মবিদ্যা সাধন কালে ধ্যান যোগে একাগ্রতা অবলম্বন করিতে হয় যোগীকে। (২৩) মাকড়সা - যেমন মাকড়সা নিজ লালা নির্গত করিয়া জাল বুনিয়া সেই জালে আবদ্ধ হইয়া পড়ে, ঠিক তেমনই মানুষ নিজ সংকল্প বিকল্পে স্বয়ং এই জগতে আবদ্ধ হইয়া পড়ে।" সংকল্প বিকল্প ত্যাগের গুণ দত্তাত্রেয় মাকড়সার নিকট প্রাপ্ত হইয়াছিলেন। (২৪) ভৃঙ্গী - দত্তাত্রেয় রাজাকে বলিলেন, তাঁহার ২৪ তম গুরু এক ভৃঙ্গী। ভৃঙ্গী এমন এক জীব যে, যে কোন কীটকে ধরিয়া নিজের বাড়ীর ভিতর রাখিতে সক্ষম এবং ওটিকে সম্মুখে রাখিয়া শব্দ করিতে থাকে। সেই কীট বারংবার সেই ভৃঙ্গীর শব্দ শুনিতে শুনিতে ভৃঙ্গীরূপ হইয়া যায়। এই প্রকার মনুষ্যও বার বার শরীরের চিন্তন করিতে করিতে নিজ শরীর বিষয়টি বুঝিতে পারে, কিন্তু যখন তাহার হুঁশ হয় যে সে শরীর নয়, সে আত্মা, তখন সে সেই দেহের মোহ পরিত্যাগ করিয়া আত্মরূপে স্থিত হয়।

ইহার পর দত্তাত্রেয় ভগবান রাজাকে বলিলেন — "ঐ ২৪ জন গুরুগণ আমাকে পরমার্থের বোধ প্রদান করিয়াছেন যাহা হইতে আমি নিজ স্বরূপ আত্মায় স্থিত হইয়া জীবন্মুক্ত হইয়া গিয়াছি। এখন আমি পরমানন্দে স্থিত আছি। অতএব

আমি সমস্ত চিন্তা হইতে মুক্ত হইয়া বিচরণ করিয়া থাকি।” ভগবান দত্তাত্রেয়র জ্ঞানোপদেশ শ্রবণ করিয়া সেই রাজাও সংসার মোহ ত্যাগ করিয়া আত্মানন্দে বিভোর হইয়া পড়িয়াছিলেন। দত্তাত্রেয়র মত জীবন্মুক্ত মহাজ্ঞানীর যেখানে চরণ পড়িয়াছে, সেই স্থানই পবিত্র তীর্থ হইয়া গিয়াছে। দত্তাত্রেয় পরিভ্রমণেই অধিক জীবনকাল কাটাইয়াছেন। তিনি যেখানে চতুর্মাস্য করিতেন সেই স্থলই তীর্থ হইয়া গিয়াছে। গির্ণার পর্বত, নাসিক হইতে কিছুদূরে গোদাবরী তটে, আরাবল্লী পর্বতে, নর্মদা তীরে, শ্রীনগর হইতে কিছু দূরের পর্বতে, হিমালয় ইত্যাদি বহু স্থানে দত্তাত্রেয় ভগবানের তপোস্থলী আজ মহান তীর্থরূপে পরিগণিত।

দত্তাত্রেয় ভগবানের ‘অবধূত গীতা’ অদ্বৈত দর্শনের এক সর্বশ্রেষ্ঠ রচনা। অবধূত গীতায় তিনি ঘোষণা করিয়াছেন ‘একমেবাদ্বিতীয়ং’-এর অনুভূতি একমাত্র আত্মজ্ঞানীর পক্ষেই হওয়া সম্ভব। আত্মার অস্তিত্বই সর্বস্ব এবং সর্বব্যাপক। একমাত্র আত্মারই সত্তা বিদ্যমান, ইহা ভিন্ন আর কোন সত্তা নাই। এই কারণে যত দ্বন্দ্ব দেখিতে পাওয়া যায় সব আত্মার অজ্ঞানতার কারণে প্রতীত হয়। এগুলি সব মনের কারণ যেগুলি হল ভ্রান্তিমাত্র। দত্তাত্রেয় জীবন্মুক্ত জ্ঞানীকে ‘অবধূত’ বলিয়াছেন। ‘অবধূত’ শব্দ চারটি অক্ষর দ্বারা গঠিত। অ + ব + ধূ + ত = অবধূত; এক্ষেত্রে ‘অ’ অক্ষরে ‘আশা রূপী পাশ হইতে মুক্ত অবস্থা’, ‘আদি মধ্য এবং অন্ত যাঁহার নির্মল’, ‘আনন্দ’তে নিত্য মগ্ন যিনি, এই অ-কার হইল অবধূতের লক্ষণ। ‘ব’ অক্ষরে ‘যিনি বাসনা ত্যাগ করিয়াছেন’ এবং ‘বক্তব্য’ যাঁহার রাগরহিত, যিনি সর্বদা ‘বর্তমান’ অবস্থায় রহেন, সেই ব-কার অবধূতের লক্ষণ। অবধূত শব্দে ‘ধূ’ অক্ষরে ঋষি দত্তাত্রেয় এই অর্থ করিয়াছেন যে ‘ধূলি ধূসর যাহার অঙ্গ’, অর্থাৎ, যিনি বিলাসিতা এবং শৃঙ্গার রহিত, ‘ধৌত চিত্ত যাহার’ অর্থাৎ নির্মল চিত্ত সম্পন্ন যিনি এবং ‘ধারণা এবং ধ্যান’ হইতে মুক্ত হইয়া গিয়াছেন যিনি, এই তিন ‘ধূ-কার’ অবধূতের লক্ষণ হয়। অবধূত শব্দে ‘ত’কার-এর অর্থ হইল, ‘যিনি তত্ত্ব চিন্তাকে ধারণ করিতে সক্ষম’, যিনি চিন্তা এবং চেষ্টা হইতে রহিত অবস্থা প্রাপ্ত হইয়াছেন, ‘তমরূপী অহংকার’ হইতে যিনি রহিত হইয়াছেন, এই তিন ‘ত-কার’ অবধূতের লক্ষণ বলিয়া কথিত।

‘অঘোর’ পশুপতি মহাদেব রুদ্রের শরীর। যজুর্বেদ, অথর্ব বেদ, শ্বেতাশ্বেতর উপনিষদে অর্থাৎ বৈদিক যুগ হইতেই শিবের মঙ্গলময় অঘোর মূর্তির বর্ণনা পাওয়া যায়। অঘোর পন্থযোগ-এর ধারায় ঔঘড়, অঘোর তথা অবধূত, এই তিনটি শব্দের প্রয়োগ প্রচলিত আছে। অঘোর বা অবধূত ঔঘড়ের পরম্পরা অতি প্রাচীন। অঘোর যোগসিদ্ধ মহাত্মা বাবা গুলাবচন্দ আনন্দ অঘোর পন্থের পরিচয় দিতে গিয়া বলিয়াছেন —‘অঘোর বা অবধূত মত কোন নবীন মত নয়। শিবজী মহারাজের পঞ্চমুখের একটি মুখকে অঘোর বলা হয়। ইহা লিঙ্গ পুরাণে সিদ্ধ হইয়াছে। উপনিষদ্‌, রুদ্রী এবং শিবগায়ত্রী হইতে ইহার মহত্ত্ব প্রকট হইয়াছে। জগদ্‌গুরু দত্তাত্রেয় ভগবানও এই মতের প্রচার করিয়াছেন।’ পুরাণে কথিত আছে যে প্রভু দত্তাত্রেয় বহু হাজার বছর পূর্বে পৃথিবীকে অষ্টাঙ্গ যোগ-জ্ঞান প্রদান করিয়াছিলেন। পতঞ্জলিদেব সেই অষ্টাঙ্গ যোগজ্ঞান সূত্রাকারে গ্রথিত করেন। *(সহায়ক গ্রন্থ মার্কণ্ডেয় পুরাণ, ভাগবত, কূর্মপুরাণ, জাবালদর্শন উপনিষদ্‌)*

পূর্ণতার প্রকাশ

অহং যখন অগ্রাহ্য হয়ে অব্যক্তভাবে রয়, মহাপ্রতিভা প্রভার মতো সত্তায় স্ফুরিত হয়।
তবে, প্রকটে প্রতিভা মহা মহাভাবের মত, ব্যক্তি সত্তাকে করি অদ্ভুত আশ্চর্য্যান্বিত!
অহং রয় স্বভাবে গৌণাকারে স্থিত, মুখ্য শুধু সৃষ্টি চিন্তন ভরা অস্তিত্ব।।
তখনই যে হয় পূর্ণ পরিপূর্ণত্বের প্রকাশ, পূর্ণাকারে সত্তা রহে নির্বিকার ও স্বকাশ।।

—সত্তার স্বভাবে অহং-এর প্রকাশ যখন নির্লিপ্ত, নিষ্প্রভ, নিষ্কামতায় ভরিয়া ওঠে তখনই সত্তা বিশুদ্ধাকারে প্রতিভাত হয় এবং তখনই বিশুদ্ধ ব্যক্তিত্ব মাঝে ঈশ্বরত্বের পরিপূর্ণাকারে প্রকাশ হয়। ঐ অবস্থায় সেই সত্তাও ঈশ্বরেরই প্রতিভূরূপে পরিগণিত হন। এই হইল মহাসত্তার মহাভাব। অবতারগণের ক্ষেত্রেই এইরূপভাব পরিলক্ষণীয়।

—শ্রীশ্রীমা রচিত ‘সৃজা’ পুস্তক হইতে উদ্ধৃত

জ্ঞানগঞ্জের যোগ প্রসঙ্গে

শ্রীবিজন কুমার সেনগুপ্তের বিশেষ অনুরোধে ডঃ গোপীনাথ কবিরাজজীর ১৮টি পত্রের সাধন মার্গের নিগূঢ় তত্ত্ব ও সাধন প্রণালীর উপর শ্রীশ্রীমায়ের যোগ-ব্যাখ্যা —

ডঃ গোপীনাথ কবিরাজের পত্রাবলী প্রসঙ্গে :—

মরমী সাধক ডঃ গোপীনাথ কবিরাজজীর গুরুভ্রাতা শ্রীঅক্ষয় কুমার দত্তগুপ্ত মহাশয়কে জ্ঞানগঞ্জের সাধন মার্গের ক্রিয়াযোগের যে সকল নিগুঢ় তত্ত্ব, তথ্য এবং সাধন প্রণালীর বিষয় চিঠিতে উল্লেখ করেছেন তারই কয়েকটি প্রশ্ন :—

৯। (পত্র নং ১০) —(প্রথম ভাগ) কৃপাহীন বা কৃপাশূন্য যোগই যথার্থ গুরুর কর্ম .... । ইহার উদ্দেশ্য — কালের গতি রোধ করা ও সংসারের বা সর্ব-দুঃখের মূল উৎপাটন করা। ব্যক্তিগতভাবে মুক্তি, দুঃখ নিবৃত্তি, শান্তি, নির্বাণ, ঐশ্বর্য্য, পরমানন্দ প্রভৃতি প্রাপ্তির উপায় ছিল এবং এখনও আছে। কৃপাশূন্য যোগী ভিন্ন এই অখণ্ড দুঃখ মোচনের সামর্থ্য আর কাহারো নাই। —(এই বিষয়ে শ্রীমার বক্তব্য)

উত্তর — (পত্র ১০-এর প্রথম ভাগ) — সর্বপ্রথম জানিতে এবং বুঝিতে হইবে যে 'কৃপাহীন বা কৃপাশূন্য যোগ' কি? —'কৃপা' কথাটির অর্থ কর্ম করিয়া পাওয়া; অর্থাৎ, কর্ম দ্বারা যাহা প্রাপ্ত হওয়া যায় তাহাকেই 'কৃপা' বলে। সদ্গুরু প্রদত্ত চিন্ময় বীজ দীক্ষাকালে আধারে বপন না হওয়া পর্য্যন্ত জীবচেতনা-সম্পন্ন সাধকের আধ্যাত্মিক চেতনার অগ্রগতি হওয়া সম্ভব হয় না। অতএব দীক্ষাকালে সদ্গুরুর অনুগ্রহ প্রত্যেক সাধকেরই বাঞ্ছনীয়। এই সদ্গুরুর অনুগ্রহ একপ্রকার 'দৈবকৃপা' বলিয়াই পরিচিত। কিন্তু সদ্গুরুর দীক্ষা বা ঈক্ষণরূপী অনুগ্রহ ব্যতীত কাহারও অধ্যাত্ম পথে উন্নতি সাধন অসম্ভব। মহাত্মা কবীর সাহেব বলিয়াছেন — ''গুরু বিনা কৌন বতাবৈ বাট''- অর্থাৎ, সদ্গুরু বিনা অন্য কেহই সত্যপথের সন্ধান বলিতে পারেন না। সদ্গুরুর নিকট দিব্যশক্তিকণারূপী ব্রহ্মবীজ মন্ত্র ও তৎ প্রণব মন্ত্রের সাধন কৌশলরূপী ব্রহ্মবিদ্যা প্রাপ্ত হইয়া শিষ্য যখন কঠিন তপস্যায় ব্রতী হন এবং নিজ পুরুষকার বলে সেই সাধন সোপানকে আপন আত্মশক্তি ও আত্মনির্ভরশীল হইয়া সুদৃঢ় বিশ্বাসে তপঃ, স্বাধ্যায় এবং ঈশ্বর-প্রণিধানের পর্য্যায়গুলি সাধন করিয়া অতিক্রম করিতে সক্ষম হন, তখন সে অবস্থায় তপস্বী সাধক আত্মযোগযুক্ত হইয়া 'যোগী' হইয়া যান। ইহাকেই 'কৃপাহীন বা কৃপাশূন্য যোগ' বলে।

এই যোগের পর্য্যায়ে ব্যষ্টিগতভাবে আত্মকর্মের দ্বারা কৃপাশূন্য সাধকযোগী প্রাণায়াম ও মন্ত্রজপ সাধন বলে কালের গতি রোধ করিতে সক্ষম হন, অবিচ্ছিন্ন কালের জ্ঞান প্রাপ্ত হন এবং প্রাণায়ামের সহায়তায় দেহাভ্যন্তরস্থ চঞ্চল প্রাণকে স্থির অবস্থায় উপনীত করিতে সক্ষম হন। প্রাণকে হৃদয়ে একবার উপনীত করিতে পারিলে তখন কূটস্থব্রহ্ম-রূপী গগনগুহা তখন চন্দ্র এবং সূর্য্যের জ্যোতির ছটায় আপ্লুত হইতে থাকে। এখন যোগীর সম্পূর্ণ অন্তর্মুখ অবস্থা। এ অবস্থায় বিভিন্ন পর্য্যায়ে যোগী-দেহের চেতনার গ্রন্থিগুলি ভেদন হয় এবং বিভিন্ন পর্য্যায়ের স্বাধ্যায়ের সোপান সমাপ্ত হইলে পরে তখন ঈশ্বর-প্রণিধানের পর্য্যায়ে ধ্যানের গভীরে আত্মজ্যোতিতে একবার যোগীর সত্তা লয়প্রাপ্ত হইলে পরে, সমাধি হইতে বুত্থিত অবস্থায় তখন সব দুঃখের মূল উৎপাটিত হইয়া যায়। কৃপাশূন্য যোগী সদ্গুরু ভরসায়, পরম বিশ্বাসে উপনীত হইয়া নিরলস চেষ্টার দ্বারা ঐ প্রকার আত্মদর্শন এবং আত্মউপলব্ধির পর্য্যায়ে পৌঁছাইতে সক্ষম হন।



কৃপাহীন যোগী বহু বহু জন্মান্তরের শুভ সংস্কারের বশবর্তী হইয়া কোন এক জন্মে 'আত্মজ্ঞানী' হন। আত্মজ্ঞ যোগীই ব্রহ্মজ্ঞ বলিয়া কথিত। সর্বদা যিনি আত্মায় যোগযুক্ত থাকেন তাঁর আধারের মধ্যে অনন্ত বিভূতির প্রকাশ ঘটে। এই বিভূতিগুলিই পরবর্তীতে যৌগৈশ্বর্য্য রূপে আধারের পরমাশ্চর্য্য গুণ হইয়া দাঁড়ায়, যোগী শিবত্বলাভ পূর্বক পরমানন্দে ও ব্রহ্মানন্দে বিভোর রহেন। যখন কেহ এই ব্রহ্ম-অবস্থায় পৌঁছান তখন সিদ্ধমণ্ডল হইতে জীব ও জগৎকল্যাণের জন্য তাঁহাদেরকে বারংবার অনুরোধ করা হয় যে জগৎগুরু বা সদ্গুরুরূপে ধরায় অবতীর্ণ হইয়া যেন তাঁহারা জীবগোষ্ঠীকে দুর্গতি হইতে রক্ষা করেন। এই পর্য্যায়ে কৃপাহীন যোগসিদ্ধ যোগীর করুণা বিভূতির উন্মেষ হয় সত্তায়; তখন তিনি সদ্গুরুরূপে জীব ও জগৎকে সেই করুণা বিভূতি দ্বারা সিক্ত করিতে আসেন এই পৃথ্বীমণ্ডলে।

কৃপাশূন্য যোগী যোগের সর্ব পর্য্যায়গুলি প্রত্যক্ষভাবে, বিশদভাবে, তত্ত্বগতভাবে, সূক্ষ্মাতিসূক্ষ্মভাবে অবগত হন বলিয়া তিনি সকল পর্য্যায়ের চিরস্থায়ী জ্ঞানলাভ করিয়া

থাকেন। শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব তাই বলিতেন — সদ্‌গুরুগণ উপর হইতেই চাপরাশ লইয়া আসেন। এ জগতে তাঁদের নিজ আধারের জন্য কোন সাধনা করিতে হয় না, অন্যের সদ্‌গতির জন্যই তাঁহাদের জগতে আগমন। সদ্‌গুরুরূপী কৃপাহীন যোগী ভিন্ন জীবের অখণ্ড দুঃখ (জন্মজন্মান্তর সম্পর্কিত দুঃখ) মোচনের সামর্থ্য আর কাহারো নাই। কারণ সদ্‌গুরু হলেন 'ভগবান' বা 'সাক্ষাৎ ভগবানের প্রতিভূ', ব্রহ্মবেত্তা বা ভগবৎসত্তা।

অন্যদিকে সমষ্টিগতভাবে বলা যায় যে পৃথিবীর দুঃখভার-মোচন অবস্থা কোনদিন ছিল না এবং ভবিষ্যকালেও সম্ভব নয়। আচার্য্য গৌড়পাদের মতে -'সৃষ্টি বা জগৎ সংসার অনাদি-অনন্ত'; এক্ষেত্রে ব্যক্তিগত মুক্তি, দুঃখ-নিবৃত্তি (জন্ম-মৃত্যুর চক্রে যাতায়াত নিবৃত্তি) হওয়া সম্ভব, যাহা তপঃ সাপেক্ষ। কিন্তু সমষ্টিগতভাবে সৃষ্টিধারা নিত্য, অনাদি-অনন্ত হওয়ায় সমষ্টিগত মুক্তি, দুঃখ-নিবৃত্তি সম্ভব নয়। ইহাই দিব্য পরিচালিত সৃষ্টির নিয়ম। ডাঃ গোপীনাথজীর 'বিশুদ্ধবাণী' নামক পুস্তকে শ্রীশ্রীনবমুণ্ডি মহাসন অধ্যায়ে আছে — ''অক্ষর পুরুষ কূটস্থ বা সাক্ষীচৈতন্য ইনি সকলের দ্রষ্টা - ইঁহাকে কেহ দেখিতে পায় না, ইনি সকলের আত্মস্বরূপ। ইঁহাকে দর্শনের নামই আত্মদর্শন। কিন্তু স্বভাবের বিচিত্র লীলায় কূটস্থ-পুরুষ দ্রষ্টা হইয়াও এখন আত্মবিস্মৃত। ইনি সবই দেখেন, কেবল নিজেকে দেখেন না, অর্থাৎ সমগ্র বিশ্বই ইঁহার দৃষ্টিসম্ভূতা। কিন্তু এই দৃষ্টি নিদ্রাবিষ্ট দৃষ্টি এবং দৃশ্য স্বাপ্নিক দৃশ্য। ইনি যখন নিদ্রা হইতে জাগিবেন তখন স্বপ্ন থাকিবে না এবং স্বপ্নদৃষ্ট দৃশ্যও থাকিবে না। তখন স্বভাবতঃ সকলেরই আত্মদর্শন হইবে। প্রণব-পুরুষ (কারণ-সলিলে শায়িত যে নারায়ণ বা মহাবিষ্ণু) রূপে ইনিই তো বহু হওয়ার সঙ্কল্প করিয়াছেন, তাই ইনি স্বরূপ প্রতিষ্ঠ হইলে বহুরও আত্মদর্শন ও স্বরূপ-প্রতিষ্ঠা সম্পন্ন হইবে।'' — প্রকৃতপক্ষে ইহা একটি অসম্ভব সম্ভাবনা কারণ কোন ক্ষণে ভগবৎ ইচ্ছা হইবে এবং অক্ষর-পুরুষ জাগ্রত হইবেন, প্রণব-পুরুষ স্বরূপ প্রতিষ্ঠ হইবেন, ইহা কেহই বলিতে পারেন না। অতএব ইহা কৃপাশূন্য যোগীরও অসাধ্য।

—*যোগ প্রসঙ্গের ব্যাখ্যা*

শ্রীশ্রীমা সর্বাণী

জীবনাভাস

মহাবতার বাবাজী মহারাজের শিষ্য শ্রীমাণিকলাল দত্তের জীবনী

(৮)

গুরুদীক্ষা —

''সদ্‌গুরু পাওয়ে ভেদ বাতাওয়ে, জ্ঞান করে উপদেশ
তব কয়লা কি ময়লা ছুটে যব, আগ করে প্রবেশ''।।

এমনিভাবে ভূতনাথবাবুর আলয়ে মাণিকলালের প্রায় বেশ কিছুকাল অতিবাহিত হইল। একদা ভূতনাথবাবুর গৃহসংলগ্ন উদ্যানের আশ্রমে সিদ্ধপুরুষ 'গন্ধবাবা' অর্থাৎ শ্রীশ্রীবিশুদ্ধানন্দ সরস্বতী পরমহংসদেবের শুভাগমন হইল। 'গন্ধবাবার' নিকট দীক্ষালাভের জন্য মাণিকলাল উদ্‌গ্রীব হইয়া সবিনয়ে অন্তরস্থ বাসনা নিবেদন করিলে গন্ধবাবা মাণিকলালকে দৃঢ়ভাবে প্রত্যাখ্যান করিলেন। এই অপ্রত্যাশিত প্রত্যাখ্যানে মাণিকলাল অতিশয় মর্ম্মাহত হন; তথাপি অতি নম্রভাবে বলিলেন যে, ''আমি জাতিতে সুবর্ণ বণিক, নীচ, সেই জন্যই হয়ত আমাকে প্রত্যাখ্যান করিলেন।'' গন্ধবাবা মাণিকলালের বেদনা ও অনুশোচনার বিষয় সবিশেষ উপলব্ধি করিয়া সস্নেহে তাঁহাকে, ক্রোড়ে আকর্ষণ করিয়া স্নেহপূর্ণ স্বরে বলিলেন, যে, ''আমি তোমায় দীক্ষা দিব না। তোমার দীক্ষার জন্য এক মহাপুরুষ নির্দিষ্ট হইয়া আছেন, যিনি নির্দ্ধারিত দিনে ও ক্ষণে আবির্ভূত হইবেন।'' গন্ধবাবার এই উক্তিতে মাণিকলাল কিঞ্চিৎ আশান্বিত হইলেও সন্দেহের সুরে বলিলেন, ''হ্যাঁ, আপনাকে নিকটে পেয়েও পেলাম না, আর আমার জন্য ভবিষ্যতে আবার অন্য গুরুজী আসবেন?'' (গন্ধবাবা পুনরায় বলিলেন, ''যা-না বেটা, যা বল্লাম শোন না'') সিদ্ধবাক্ মহাপুরুষের অমর বাণী অচিরেই মাণিকলালের জীবনে স্মরণীয় রূপ ধারণ করিল এবং তিনি আমাদের নিকট অত্যন্ত আবেগমুগ্ধ অবস্থায় যাহা প্রায়ই ব্যক্ত করিতেন, সেই সুমধুর উপাখ্যান অতঃপর বর্ণনা করিব।

গুরুদীক্ষার পূর্বেই মাণিকলাল বিশ্বজননীর সত্ত্বা উপলব্ধি করিয়াছিলেন। গভীর রাত্রিকাল পর্যন্ত নিয়মিত সাধুসঙ্গ, বৈকালে কানু-জংশনের পশ্চিমদিকের শ্যামল প্রান্তরে ইতস্ততঃ ভ্রমণ ও ভূতনাথবাবুর আলয়ে হৃদ্যতাপূর্ণ আতিথেয়তায় মাণিকলালের দিন পরম সুখেই অতিবাহিত হইতে লাগিল। পূর্বেই বলিয়াছি মাণিকলাল আবাল্য নির্জনতা সমধিক পছন্দ করিতেন। প্রায় প্রত্যহই একা বৈকালে তিনি কানু জংশনের সংলগ্ন নির্জন মাঠে বেড়াইতেন এবং

গন্ধবাবার অমর বাণী অন্তরে ধারণ করিয়া অজানা এক মহাপুরুষের কৃপার জন্য ব্যাকুল হৃদয়ে অপেক্ষা করিতেন।

এইরূপ এক বৈকালে নিকটস্থ এক বটবৃক্ষের পাদদেশে দণ্ডায়মান জটাজুটধারী কিঞ্চিৎ শ্মশ্রু- গুম্ফসমন্বিত, মুখমণ্ডল, সৌম্য, শান্ত, সুকুমারকান্তি অথচ উচ্চ ব্যক্তিত্ব সম্পন্ন (বয়স অনুমান ১৯-২০) এক মহাপুরুষের গুরুগম্ভীর কণ্ঠের আহ্বানে মাণিকলাল আকৃষ্ট হইলেন। ''মাণিকলাল, তুমি এখানে এস, আমি তোমাকে ডেকেছি।'' সম্পূর্ণ অপরিচিত এক ব্যক্তি কিভাবে তাঁহার বৃত্তান্ত অবগত হইয়া তাঁহাকে আহ্বান করিলেন এই চিন্তা মুহূর্তের জন্য মাণিকলালকে আচ্ছন্ন করিয়া ফেলিল, কিন্তু অবিলম্বে সেই চিন্তার জাল ছিন্ন করিয়া তিনি সেই মহাপুরুষের নিকট বটবৃক্ষমূলে উপনীত হন। তিনি সমীপবর্তী হইলে মহাপুরুষ ভাবগম্ভীর কণ্ঠে বলিলেন, ''আমি তোমায় দীক্ষা দিতে আসিয়াছি; কল্য প্রাতে দীক্ষা দিব। স্নানান্তে একখানি নূতন আসন ও হরিতকী সঙ্গে করিয়া আনিবে, না হয় তাও দরকার নাই।'' এই নির্দেশ প্রাপ্তির পর মন্ত্রমুগ্ধের মত মাণিকলাল তাঁহার শ্রীচরণে প্রণিপাত করিলেন। প্রণামান্তে যখন উঠিলেন, তখন দেখিলেন যে দিব্য পুরুষ অন্তর্হিত। যে দীক্ষা পাবার আশায় তিনি মনেপ্রাণে অধীর হইয়াছিলেন, ও একদা বিশুদ্ধানন্দ পরমহংসদেবের শরণাপন্ন হইয়াছিলেন সেই দীক্ষার সময় যে আসন্ন তাহার মধুর চিন্তায় ও গন্ধবাবার ভবিষ্যৎ বাণী যে মুক্ত সম্ভাবনা লইয়া মাণিকলালের জীবনে সমাসন্ন, তাহার সুখকর অনুভূতিতে ভরপুর হইয়া তিনি ভূতনাথবাবুর আলয়ে প্রত্যাবর্তন করিয়া সমস্ত ঘটনাটি আনুপূর্বিক ভূতনাথবাবুর কাছে পুলকিত অন্তরে নিবেদন করিলেন। সেই সুখবর সমাচারে ভূতনাথবাবুও অনির্বচনীয় আনন্দে বিভোর হইয়া আগামী দিনের জন্য মাণিকলালের দীক্ষার নিমিত্ত অপরিহার্য্য উপকরণাদি সংগ্রহে তৎপর হইলেন।

ভাবীকালের সম্ভাবনার আনন্দঘন অনুভূতিতে শুভরাত্রি সত্বর অতিবাহিত হইল। প্রাতে স্নানান্তে নব চেলির বস্ত্র পরিধান করিয়া আসন ও হরিতকী হস্তে মাণিকলাল উদ্বেলিত অন্তরে মহাপুরুষ নির্দেশিত বটবৃক্ষমূলে একা উপস্থিত হইয়া দেখিলেন যে পূর্ব দিনের সেই সুচারুদর্শন দীপ্তিমান দৈবপুরুষ পূর্ব হইতেই তথায় উপস্থিত হইয়া আছেন। মাণিকলাল উপস্থিত হইবামাত্র তিনি তাঁহাকে সম্মুখে আসন পাতিয়া বসিবার নির্দেশ দিলেন। মাণিকলাল আসনে উপবেশন করিলে সেই মহাপুরুষ তাঁহার দৈব দক্ষিণ হস্তটি মাণিকলালের ব্রহ্ম তালুদেশে স্থাপন করিয়া বলিলেন, ''এই আমি তোমায় দীক্ষা দিলাম।'' দীক্ষান্তে মাণিকলাল আনন্দাশ্রুপূর্ণ নয়নে মহাপুরুষের শ্রীচরণে ভক্তিপূর্ণ প্রণতি উৎসর্গ করিয়া তাঁহার সহিত তাঁহার আশ্রমে যাইবার বাসনা প্রকাশ করিলে মহাপুরুষ তাহাতে অসম্মতি জ্ঞাপন করিলেন। তিনি এই বলিয়া মাণিকলালকে বিরত করিলেন যে, ''সংসারে তোমায় থাকিতে হইবে, কাজ আছে, বিশ্বের ত্রিতাপ তাপিত নরনারী ঈশ্বরের সত্ত্বা ও অস্তিত্ব সন্ধানে তোমার নিকটে আসিবে, সময়ে তোমার কার্য্যক্রম উপলব্ধি হইবে। নিজ যোগ্যতার উপর সন্দিহান হইও না। দৈবের নিকট সবই সম্ভব।'' পরে মাণিকলাল বিনীতভাবে বলিলেন যে, ''আমি আপনার নিবাস জানি না, আমার নিবাস সম্বন্ধেও আপনি অবগত নহেন — এমতাবস্থায় ভবিষ্যতে কিভাবে আপনার দর্শন লাভের সৌভাগ্য অর্জন করিব?''

উহাতে সেই জ্যোতির্ময় দিব্য মহাপুরুষ বলিলেন যে, ''তোমার বাসস্থান আমার জানা আছে, আর আমার বাসস্থান তোমার পক্ষে জানা অসম্ভব। আমি আকাশ পথে আসিয়াছি। তুমি ডাকিলে আমি আসিব কিন্তু বিনা প্রয়োজনে কদাচ ডাকিও না; বরং প্রয়োজন বোধে আমিই ভবিষ্যতে তোমায় দর্শন দিব।'' তিনি একথাও ব্যক্ত করিলেন যে, ''তুমি যে কানু জংশনে আসিয়াছ ও ভূতনাথবাবুর আলয়ে আশ্রয়লাভ করিয়াছ, সবই আমার ইচ্ছায় সংঘটিত হইয়াছে।'' সংসারে বাস করার যন্ত্রণা ও বহুমুখী অসুবিধার বিষয় তাঁহার গুরুর নিকট ব্যক্ত করিলে গুরু তাঁহাকে সস্নেহে আশীর্বাদ করিলেন যে, ''সাংসারিক জীবনে তোমার যাহা কিছু প্রয়োজন হইবে তাহা চিন্তা মাত্রই দশ হাতের ব্যবধানেই তাহা পাইবে। অনন্তর মাণিকলাল পুনরায় পূজ্যপাদ শ্রীগুরুর চরণে সাষ্টাঙ্গ প্রণিপাত করিয়া বিদায় ভিক্ষা জানাইতে গেলে দেখিলেন যে তাঁহার পরম আরাধ্য গুরুদেব পূর্ব দিনের মতই অন্তর্হিত হইয়াছেন। ক্ষণিকের জন্য মাণিকলাল গুরুদেবের বিদায় ব্যথায় বিষাদাচ্ছন্ন হইয়া পড়িলেন। তাঁহার এই দৈব গুরুপ্রাপ্তির জন্য মহাসাধক বিশুদ্ধানন্দ পরমহংসদেবের প্রতি কৃতজ্ঞতায় তাঁহার চিত্ত ভরপুর হইয়া উঠিল। অতঃপর তিনি ভূতনাথবাবুর আলয়ে প্রত্যাবর্তন করিয়া তাঁহার শ্রীচরণে দীক্ষার সুমহান ঘটনা নিবেদন করিলেন ও অনির্বচনীয় আনন্দ ধারায় নিমগ্ন হইলেন। *...ক্রমশঃ*

—শ্রীমাণিকলাল দত্ত মহাশয়ের শিষ্য,
শ্রীঅর্দ্ধেন্দু শেখর চট্টোপাধ্যায়

শ্রীশ্রীভগবান কিশোরী মোহনের পত্রাবলী

শ্রীঅমরেন্দ্র চন্দ্র শ্যামের গ্রন্থনায়, 'অখণ্ড মহাপীঠ' দ্বারা প্রকাশিত ভগবান শ্রীশ্রীকিশোরী মোহনের জীবনী গ্রন্থ 'বৃহৎ কিশোরী ভাগবত'-এর অন্তর্গত ভগবান কিশোরী মোহনের অমূল্য আধ্যাত্মিক উপদেশ সমৃদ্ধ পত্রাবলীর থেকে নিম্নলিখিত পত্রটি উদ্ধৃত করা হল।

পত্র নং (৯)

শিষ্যের প্রতি তত্ত্বোপদেশ — *(পূর্ব প্রকাশিতের পর....)*

বুদ্ধির যত প্রকার বৃত্তি আছে তাহাদিগকে তিন শ্রেণীতে বিভাগ করা যায়। সাত্ত্বিকী, রাজসিকী ও তামসিকী ভেদে তিন প্রকার বৃত্তি আছে।

সাত্ত্বিকী বৃত্তি যথা — শ্রদ্ধা, ভক্তি, বিবেক, বৈরাগ্য ইত্যাদি।

রাজসিকী বৃত্তি যথা — কাম, ক্রোধ, লোভ ইত্যাদি।

আর তামসিকী বৃত্তির কার্য্য আলস্য, প্রমাদ, অজ্ঞান, মোহ ইত্যাদি।

সত্ত্ব, রজো ও তমো এই ত্রিগুণ পরস্পর বিরোধী। রজো, তমোগুণকে পরাভব করিয়া সত্ত্বগুণ উদিত হয়। সত্ত্ব ও তমোগুণকে পরাভব করিয়া রজোগুণ উদিত হয় এবং সত্ত্ব ও রজোগুণকে পরাভব করিয়া তমোগুণ উদিত হয়। পরস্পর বিরোধী থাকায় তুমি ঐ সকল বৃত্তি হইতে পার না। তুমি যেমন বাহ্য বস্তু সকলের জ্ঞাতা হইয়া তাহা হইতে বিভিন্ন, সেইরূপ তোমার মন বুদ্ধির অভ্যন্তরে কাম, ক্রোধ, লোভ, ভক্তি, দয়া, বৈরাগ্য প্রভৃতি যে সমস্ত বৃত্তির উদয় হইতেছে, তুমি তাহাদের জ্ঞাতা ও দ্রষ্টা এবং তৎ সমস্ত হইতে বিভিন্ন। যেমন সমুদ্র হইতে তরঙ্গ উঠিলে সেই তরঙ্গ সমুদ্রের আকার ভিন্ন অন্য কিছুই নহে, সেইরূপ মন, বুদ্ধি হইতে উত্থিতা বৃত্তি মন, বুদ্ধিরই আকার। এতৎ সমস্তই জড় ও ত্রিগুণাত্মক। তুমি তদতীত, যেহেতু তুমি চেতন হইয়া তাহাদের জ্ঞাতা। এই হেতু তুমি ত্রিগুণাতীত ও গুণের দ্রষ্টা, জ্ঞাতা ও ভোক্তা। তোমার মন, বুদ্ধি দ্রষ্টা, জ্ঞাতা ও ভোক্তা নহে। তাহারা জড় হইয়া চেতনের সঙ্গে সংযুক্ত হইয়া চেতনের ন্যায় প্রতীয়মান হইতেছে। জীবের আত্মজ্ঞান আবৃত থাকায় অজ্ঞানবশতঃ মন বুদ্ধিকে আত্মা বলিয়া জানে। মন, বুদ্ধিকে জ্ঞাতা বলিলে তাহাদের ইন্দ্রিয়ত্ব থাকে না। শ্রুতি ঐ সকলকে ইন্দ্রিয় বলিয়া প্রকাশ করিয়াছেন। 'শক্তি বিপর্য্যয়াৎ' এই সূত্রে বেদান্ত-দর্শনে তাহাই প্রকাশ করিয়াছেন। আত্মাই প্রসিদ্ধ দ্রষ্টা। ইহার অর্থ — পরমাত্মা ব্যতীত অন্য কেহ দ্রষ্টা হইতে পারে না। শ্রুতি আরোও বলিয়াছেন - 'যেন সর্ব্বমিদং বিজ্ঞাতং তং কেন বিজানীয়াৎ, বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াৎ।' অর্থাৎ যাহা কিছু অনুভূত হয় তাহা পরমাত্মা দ্বারাই হয়, তাঁহাকে আর কাহার দ্বারা দেখিবে শ্রুতি তাঁহাকে 'মনোবাচামগোচরং, অবাঙ্‌মনসগোচরম্' এই সমস্ত বাক্য দ্বারা পরমাত্মার স্বরূপ বর্ণনা করিয়াছেন। আরও বলিয়াছেন, 'যাতা বাচা নিব্বর্ত্তন্তে, অপ্রাপ্য মনসা সহ।' অর্থাৎ তিনি বাক্য ও মনের অতীত। ভগবদ্‌গীতায় বলিয়াছেন — 'জ্ঞানং জ্ঞেয়ং জ্ঞানগম্যং হৃদি সর্ব্বস্য বিষ্ঠিতং।' তিনি বাক্য মন, বুদ্ধির অগোচরে হইলেও জ্ঞানগম্য। জ্ঞান আবৃত থাকায় জীব তাঁহাকে জানিতে পারে না, কিন্তু সাধনের দ্বারা প্রকট হইলে জীব আপনাকে ব্রহ্ম বলিয়া জানে। সেই ব্রহ্মই সকল জীবের আত্মারূপে প্রতিষ্ঠিত; যেমন সূর্য্য দেদীপ্যমান থাকিলেও তোমার চক্ষু আবৃত থাকিলে তুমি তাহাকে দর্শন করিতে অক্ষম হও। আবরণ উন্মোচন হইলে তখন দর্শন করিতে সক্ষম হও; সেইরূপ পরমাত্মা তাঁহার মায়া দ্বারা তোমাকে আবৃত রাখায় তোমার জ্ঞান ও ঐশ্বর্য্য স্বাভাবিক হইলেও তুমি জ্ঞানৈশ্বর্য্যহীন হইয়াছ। বেদান্ত-দর্শনে সূত্র আছে — 'পরাভিধানত্তউ তিরোহিতং অতোহস্য বন্ধ বিপর্যয়ৌ।' ইহার অর্থ — পরমাত্মার সঙ্কল্পবলে জীবের জ্ঞান ও ঐশ্বর্য্য তিরোহিত হয়। পরে সূত্র করিয়াছেন - 'দেহ যোগাদ্ধা।' দেহ, মন, প্রাণ, ইন্দ্রিয়াদি সংযুক্ত হওয়ার পরেই জ্ঞান তিরোহিত হয়। এই উভয় বাক্যই সত্য।

সৃষ্টিকালে পরমাত্মা তাঁহার স্বরূপের একাংশে মায়া দ্বারা আবৃত করিয়া সেই অংশে তিনি স্বয়ং 'জীব ও জগৎ' রূপ ধারণ করেন। পরমাত্মার অবশিষ্ট অংশ অবিকৃতই থাকে। এই জন্য জীবকে পরমাত্মার অংশ বলে। জীব ও পরমাত্মার অংশাংশী সম্বন্ধ থাকা উক্ত হয়। ভগবদ্‌গীতায় উক্ত হইয়াছে — 'বিষ্টব্যাহমিদং কৃৎস্ন একাংশেনস্থিতো জগৎ।' অর্থাৎ এই জগৎ তাঁহার একাংশে স্থিত। তিনি তাহা ধারণ করিয়া রাখিয়াছেন। আরোও বলিয়াছেন -'মামৈবাংশ জীবলোকে জীবভূতঃ সনাতনঃ।' ইহার অর্থ, জীবভূতঃ শব্দের অর্থ —

জীব ছিল না, জীব হইল। ঈশ্বরের একাংশ লইয়াই জীবরূপত্ব। জীবের জ্ঞান, ঐশ্বর্য্য ও মোক্ষ নিত্য ও স্বাভাবিক তাহা মায়ার আবরণ দ্বারা আবৃত। ভগবদ্‌গীতায় উক্তি আছে -'অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ। জ্ঞানেন হি তজজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ। তেষামাদিত্যবদ্-জ্ঞানং প্রকাশয়তি তৎপরং।' ইহার অর্থ - অজ্ঞান দ্বারা জ্ঞান আবৃত থাকায় জীবগণ মোহ প্রাপ্ত হয়। জ্ঞানের দ্বারা অজ্ঞান তিরোহিত হইলে আদিত্যবৎ জ্ঞান প্রকাশিত হয়। জ্ঞানোদয়ে জীব আপনাকে অখণ্ড চৈতন্য বলিয়া অবগত হয়েন। অংশরূপে নহে। যখন আবরণ উন্মোচিত হয়, তখন তাঁহার নিত্যসিদ্ধ স্বয়ংপ্রকাশ স্বভাব অভিব্যক্ত হয়। এই বিষয় মহর্ষি বেদব্যাস বেদান্ত দর্শনের চতুর্থ অধ্যায়ের চতুর্থপাদে কয়েকটি সূত্রের দ্বারা প্রকাশ করিয়াছেন। তথায় জ্ঞানপ্রাপ্ত বিদেহমুক্ত পুরুষদিগের বিষয় বলিয়াছেন। তদ্বিষয়ে পরে আলোচনা করিব।

ভগবদ্‌গীতায় উক্তি আছে -'আত্মাশুদ্ধ স্বয়ংপূর্ণঃ সচ্চিদানন্দ বিগ্রহঃ। তথাপি জীব নির্লেপো মোহিতো মম মায়া। অহং সুখীচ দুঃখীচ ইত্যেবভিমন্যতে।' ইহার অর্থ - 'সচ্চিদানন্দ বিগ্রহ' অর্থাৎ সৎ-চিৎ-আনন্দই যাহার রূপ। শ্লোকের অর্থ এই পরমাত্মা ত্রিগুণাতীত, স্বয়ংপূর্ণ ও সচ্চিদানন্দরূপ, জীবও সেই প্রকার নির্লেপ স্বভাব হইয়াও আমার মায়া দ্বারা মোহপ্রাপ্ত হইয়া আমি সুখী, আমি দুঃখী এইরূপ অভিমানযুক্ত হয়।

ঘেরণ্ড সংহিতাতে জীবের স্বরূপ যে পরমাত্মা ইহাই উক্ত হইয়াছে। যথা —

'অহং দেবো ন চান্যেহস্তিম ব্রহ্মৈবাহং ন শোকভাক্।
সচ্চিদানন্দ রূপোহং নিত্যমুক্ত স্বভাববান।।'

পরমাত্মা জীবের নিকট অজ্ঞানবশতঃ অপ্রকাশ থাকিলেও সাধন দ্বারা প্রকট হয়েন। ইহা নিম্নলিখিত সূত্রের দ্বারা বেদান্ত দর্শনে প্রকাশিত আছে। যথা —

'প্রকাশাদি বচ্চা বৈশেষ্যং প্রকাশশ্চ কর্ম্মণ্যভ্যাসাৎ।'

অন্য সূত্রে — *'অপি সংরাধনে পুংস্তাদিবৎ বাল্যে'* — এই সূত্র দ্বারা বলিয়াছেন — যেমন বাল্যকালে কাম অপ্রকট ভাবে থাকিয়া পরে যৌবনকালে প্রকট হয় — তদ্রূপ জ্ঞান দেহমধ্যে অপ্রকটভাবে থাকিয়া পরে প্রকট ও প্রকাশমান হয়। ছিল না, পরে আসিল এরূপ নহে। অপ্রকট ভাবে ছিল, পরে প্রকট হইল। ইহাই তাৎপর্যার্থ। *...ক্রমশঃ*

(*'বৃহৎ কিশোরী ভাগবত' গ্রন্থ হইতে সংগৃহীত*)

যোগীশ্বর রূপে শ্রীশ্রীসরোজ বাবা

প্রসঙ্গ (৫৮)

শ্রীশ্রীমা সম্বন্ধে :—

বাপিদা গুরু মহারাজের অর্থাৎ শ্রীশ্রীসরোজ লাহিড়ী বাবার একজন সুদক্ষ ক্রিয়াবান সন্তান। এই বাপিদা প্রতিদিন মধ্যরাত্রে যখন যোগের অবস্থায় থাকেন, তখন সে অবস্থায় কূটস্থে দর্শনের মাধ্যমে তাঁর নিকট অনেক সত্য প্রকাশিত হয়। ইং ২০১৬-র জানুয়ারী মাসের ৫ তারিখে এরকম একটি মহাদর্শনের কথা ও ভাব বাপিদার কথাতেই প্রকাশ করলাম—

"সম্ভবতঃ তখন রাত ৩টা হবে। আমি গুরুভাবে (শ্রীগুরু চিন্তায় মগ্ন অবস্থায়) ক্রিয়াযোগে অবস্থান করছি, তখন আমি দর্শনে স্পষ্ট দেখলাম, আমি অখণ্ড মহাপীঠে কোনো এক অনুষ্ঠানে গেছি; হলের মধ্যে মায়ের ভক্ত এবং শিষ্যের সমাগম। আমাকে আশ্রমের মা 'গুরু' সম্বন্ধে কিছু বলতে বললেন। আমি গুরুর কথা বলতে গিয়ে বললাম, 'দেখুন এখানে মায়ের ভক্ত এবং শিষ্যবৃন্দ যারা আছেন বিভিন্ন বয়সের তাঁদের প্রথমেই আমি বলতে চাই যে অনেক জন্মের সুকৃতির ফলে এরকম 'আদ্যাশক্তি মা' পেয়েছেন; যে মহাশক্তি মা-কে পেতে গেলে মুনি ঋষিদের তপস্যা করতে হয়; সেই মাকে আপনারা পেয়ে গেছেন। এই মাকে শুধু ভক্তি বা শ্রদ্ধা করলেই হবে না, মাকে নিজেদের হৃদয়ের মধ্যে এমনভাবে স্থাপন করতে হবে যে মনে করতে হবে



মাকে নরম তুলোর মধ্যে রেখেছেন এমনভাবে যে মায়ের দেহের কোন অংশে কোনরূপ আঘাত না লাগে; কোনো মুহূর্তের জন্যে মা যদি সামনের দিকে টাল খেয়ে যান, সঙ্গে সঙ্গে আপনাদের পিঠ দিয়ে মাকে guard করবেন। আপনারা

আর একটা কথা ভালোভাবে জেনে রাখুন যে বলা হয় গর্ভধারিণী মা সবচেয়ে বড় এবং তারপর গুরুমা — কথাটা অত্যন্ত সত্যি, কিন্তু একটু ভেবে দেখলে দেখবেন যে গর্ভধারিণী মা কেবল নিজের সন্তানের জন্যে। কেবলই নিজের সন্তান ছাড়া আর কিছু বোঝে না, কিন্তু গুরুমা সবাইয়ের মধ্যে, সবাই তাঁর সন্তান। সেইসব সন্তানের ব্যথায় নিজের গর্ভধারিণী মায়ের মতনই সূক্ষ্মদেহে সর্বদাই সন্তানের কাছে উপস্থিত থাকেন। — আর একটা শেষ কথা বলে যাই যে এই গুরুমাকে (শ্রীশ্রীসর্বাণী মা) দেহ বোধে দেখলে আপনারা মায়ের কৃপা থেকে অনেক দূরে থাকবেন। শ্রীশ্রীমা দেহবোধের বাইরে। কিন্তু মা যখন আদ্যাশক্তি অন্নপূর্ণা হয়ে ধরিত্রীতে আসেন, তখন আপন ভাবে ভক্তের চোখে মা হন দশভূজা দুর্গা; তখন মা দশভূজা দুর্গা হয়ে 'নারী' শক্তিরূপ ধারণ করে আসেন।''

শ্রীশ্রীমা সব শুনে বললেন —''প্রদীপ, যখন কেউ কোন সত্য দর্শন করে তখন সদ্‌গুরু আত্মগুরু হয়ে সেই সত্যদ্রষ্টার মানসপটে এই ভাবেই সত্যের রহস্যকে প্রত্যক্ষ উপলব্ধি করান। সবই সেই সদ্‌গুরুরই কৃপা জানবে।''

প্রসঙ্গ (৫৯)

শ্রীশ্রীবাবার দীনহীন মানুষের প্রতি অপার করুণা :—

একদিন দুপুরবেলা (সম্ভবতঃ ১২-৩০মিঃ থেকে ১টার মধ্যে) বাবার কাছে গিয়ে দেখি বাবা তাঁর উপস্থিত সন্তানদের বলছেন যে, ''তোমরা এই দেয়ালের কোণ থেকে একটা একটা করে আম নিয়ে যাও আর বাড়ীতে গিয়ে সবাই মিলে খাও।'' দেখি! বাবার ঘরের কোণে এক গাঁটরি আমের সারি এবং উপস্থিত জনেরা বাবার কথামত একটা একটা করে আম সেখান থেকে বের করে নিয়ে চলে যাচ্ছে। আমি (বাপিদা) এই কাণ্ড দেখে অবাক হয়ে সেখানে উপস্থিত অসীমদাকে এর কারণ জানতে চাইলে ওরা হাসতে হাসতে বলল যে, ''একটু আগে এক বৃদ্ধ একটি বড়সড় আমের বোঝা ঘাড়ে করে যেতে যেতে বাবার বাড়ির দোরের কাছে আসতেই বাবা বলে উঠলেন, 'বেচারার এই দুপুরে একটাও আম বিক্রি হয়নি। যা তোরা কেউ গিয়ে পুরো গাঁটরিটাই কিনে নে।' বাবার কথা মত সেখানে উপস্থিত কোন একজন সেই বৃদ্ধটির কাছ থেকে সমস্ত আমটাই কিনে নিল এবং তার কাছ থেকে জানতে পারলো যে সত্যিই সেদিন তার একটাও আম বিক্রি হয়নি। বৃদ্ধ লোকটি বাড়ির গেট থেকে কৃতজ্ঞতা বশতঃ বাবাকে প্রণাম করে চলে গেল।'' এখানে আমরা দেখতে পাই যে দীন গরীবের প্রতি বাবার কি অসীম করুণা — আবার কেউ কেউ বলল যে, এইভাবে বাবা আমাদের অমৃত রস পান করালেন।

প্রসঙ্গ (৬০)

ফাঁকি দিয়ে কোনো মহৎ কাজ হয় না :—

বাবার ক্রিয়াবান শিষ্য ঘোষালদার মুখনিঃসৃত একটি ঘটনার কথা এখানে ব্যক্ত করা হল। —

একবার আমার (ঘোষালদার) পরিবার নিয়ে বিন্ধ্যাচলে গিয়ে 'বিন্ধ্যেশ্বরী দেবী'কে দর্শন করার ইচ্ছা মনে জাগল। সেই পরিপ্রেক্ষিতে লাহিড়ীদার (ঘোষালদা বাবাকে লাহিড়ীদা বলে সম্বোধন করতেন) কাছে অনুমতি চাইতে গেলে উনি বললেন, ''ঘোষালদা, আপনি আমার পূজাটাও বিন্ধ্যেশ্বরী মাকে দিয়ে দেবেন।'' — তারপর আমি বিন্ধ্যাচলে গিয়ে বিন্ধ্যবাসিনী মাকে পূজা দেবার জন্যে পাহাড়ের কোলে অবস্থিত মন্দিরে লাইন দিলাম। বিশাল লাইন প্রায় তিনশো লোক পূজা দেবার অপেক্ষায় লাইন দিয়ে দাঁড়িয়ে আছি। লাইনটা পাহাড়ের কোল ঘুরে, ঘুরে গিয়ে মন্দিরে গিয়ে শেষ হয়েছে। আমি কছিুক্ষণ দাঁড়িয়ে থাকার পর অধৈর্য্য হয়ে পড়লাম। হঠাৎ দেখতে পেলাম যে মন্দিরে একটা ছোট্ট কাটা জানালার মত জায়গা দিয়ে বিন্ধ্যবাসিনী মাকে দেখা যাচ্ছে। অর্থাৎ, লাইনটা অনেকটা ঘুরে ঘুরে মন্দিরে যাচ্ছে বটে কিন্তু আমার জায়গা থেকে কোণাকুনি ভাবে পরিষ্কার 'মা'কে দর্শন করা যাচ্ছে। আমি ভাবলাম যে কয়েক ঘন্টা দাঁড়িয়ে থাকার চেয়ে এখান থেকে সরাসরি 'মা'কে পূজা দিই। এই ভেবে মন্ত্রপাঠ করে আমি আমার এবং লাহিড়ীদার পূজা দিয়ে দিলাম। তারপর আমি বাড়ি ফিরে লাহিড়ীদার সাথে দেখা করে ওনাকে পূজার কথা বলার আগেই লাহিড়ীদা বলে উঠলেন, ''ঘোষালদা আপনার পূজা দেওয়া নিষ্ফল হল। নয় আরও ২/৩ ঘন্টা সময় যেতো, আপনি লাইনে দাঁড়িয়ে থাকা ভক্তদের সাথে অধৈর্য্য না হয়ে পূজাটা দিতেন। তা না করে আপনি ফাঁকি দিয়ে বাজীমাৎ করতে চাইলেন। সুতরাং এই পূজা দেওয়া আমি গ্রহণ করলাম না। এমন ক্ষেত্রে সস্তায় কিস্তিমাৎ হয় না।'' —অন্তর্যামী লাহিড়ীদার পায়ের কাছে বসে আমি আমার ভুলের ক্ষমা চাইলাম। উনি কিছুক্ষণবাদে স্মিত হাসি হেসে বললেন, ''ঘোষালদা, মন খারাপ করবেন না''; তারপরে আমাকে উৎসাহিত করবার জন্যে বললেন, ''মা-তো সর্বত্রই আছেন।'' *...ক্রমশঃ*

—মাতৃ-পিতৃচরণাশ্রিত শ্রীপ্রদীপ চট্টোপাধ্যায়,
শিবপুর, হাওড়া

গীতা ভাবনা
(৩৬)

গীতা ও ভারতীয় স্বাধীনতা সংগ্রাম পর্ব :—

বেদ ও বেদোত্তর যুগ থেকেই কর্মফলবাদ ভারতীয় সমাজে প্রচলিত ছিল। কর্মবাদের উৎপত্তি, বিকাশ ও স্বরূপ গীতায় আলোচিত হয়েছে দার্শনিক তত্ত্ব হিসাবে। আত্মার অবিনশ্বরত্বের চিন্তার সঙ্গে কর্মবাদ সম্পৃক্ত, যার একজন প্রধান বক্তা হিসাবে যাজ্ঞবল্ক্যকে দাঁড় করান হয়েছে। হয়তো বেদের আদিপর্বে প্রকৃতি উপাসনার মধ্যে তার বীজ থাকতে পারে কিন্তু সমাজে রাজ-তন্ত্রের উত্থানের পর কর্মবাদকে নতুন ভাবে ব্যাখ্যার দরকার হয়েছিল মূলতঃ রাষ্ট্রীয় প্রয়োজনে। গীতার কর্মবাদের স্বরূপ বিষয়ে আলোচনার সময় আমরা এসবের বিস্তারে যাব।

মানুষকে নিয়ে যেহেতু সমাজ গড়ে ওঠে এবং সমাজের মূল নিয়ামকও মানুষ, তাই রাষ্ট্র-চেতনা, শ্রেণীচেতনা, নৈতিকতা, ধর্মবিশ্বাস ইত্যাদি বিচার করলে দেখা যাবে তাদের আশা-আকাঙ্ক্ষা যুগের প্রেক্ষাপটে নতুন নতুন রূপ নিয়েছে এবং তত্ত্বের ব্যাখ্যাও একরূপে থাকেনি। মানুষ আর সমাজকে কেন্দ্র করে মার্কসবাদী পণ্ডিতেরা যেভাবে শাস্ত্রকে ও গীতাকে দেখেছেন বৈদান্তিকরা অবশ্যই সেভাবে দেখেননি। তাঁদের দৃষ্টিগত পার্থক্য গীতার আলোচনার ক্ষেত্রে আসবে কারণ সমাজতাত্ত্বিক বস্তুবাদকে বাদ দিয়ে এখন কোন শাস্ত্রের ব্যাখ্যাই সার্বীক ভাবে স্বীকৃতি পায় না।

দেশে-দেশে কালে-কালে সমাজের যেমন পরিবর্তন ঘটেছে তেমনি ভারতীয় তথা বাংলার সমাজ জীবনেও বিভিন্ন কারণে পরিবর্তন এসেছে। আগের আর্য-অনার্য দ্বন্দ্ব বা উনিশ শতকে প্রাচ্য-পাশ্চাত্য দ্বন্দ্ব গোটা ভারতকে এবং তার ধর্মচেতনাকে পাল্টেছে। উনিশ শতকে বাংলার সমাজে দিক্‌পালদের আবির্ভাব ঘটেছিল যাঁরা আমাদের ধর্ম ও সমাজ চিন্তাকে নতুন স্রোতে প্রবাহিত করতে চেয়েছিলেন। এনাদের প্রচেষ্টার ফলশ্রুতি হল বাংলার তথা ভারতের নবজাগরণ।

১১৯৬ সালে বাংলা ইংরাজের অধিকারে যায় নি। ইংরেজ তখন দেওয়ান হয়েছিল মাত্র টাকার দায়িত্ব তাদের হাতে আর শাসনের ভার মিরজাফরের উপরে। দ্বৈতশাসন চলার পরবর্তীকালে ইষ্ট-ইণ্ডিয়া কম্পানি শাসনভার নিলেও সেভাবে উন্নতির চেষ্টা করেনি। ফলে বাংলায় আন্দোলন কেন্দ্রীভূত হয়েছে যা পরবর্তীকালে স্বাধীনতা আন্দোলনের রূপ নেয়। এই আন্দোলনের নেতাদের উপরে গীতার প্রভাব ছিল অসীম।

রামমোহনের থেকেই ভারতীয় সংস্কৃতির নবযুগ ধরতে হয়। ইংরাজী শিক্ষা প্রসারের পর থেকেই ভারতীয়রা পাশ্চাত্যধারায় আকৃষ্ট হচ্ছিল। সেই বিদেশীয় অবস্থা থেকে সংস্কৃতিকে রক্ষার জন্য রামমোহন একেশ্বরবাদ ও অদ্বৈত ভাবনার বিস্তার ঘটাতে চাইলেন। এই কাজে উপনিষদ্‌, বেদান্ত, তন্ত্র প্রভৃতি রামমোহনের সহায়ক হয়। তাঁর উপাসনা ও ব্রাহ্মধর্মের আদিরূপে গীতার প্রভাব ছিল। তিনি গীতার একটা ভাষ্য লিখিয়েছিলেন বলে শোনা যায়। পরবর্তীকালে ব্রাহ্মধর্মের বিতত রূপ আদিব্রাহ্মসমাজ, নববিধান ও সাধারণ ব্রাহ্মসমাজের মধ্যে দেখা যায়। এই সমস্ত ক্ষেত্রেই গীতার প্রভাব আছে। রামমোহন মূলতঃ সমাজসংস্কারক। সতীদাহ নিবারণ আন্দোলন তাঁর অক্ষয় কীর্তি। এজন্য তৎকালীন পণ্ডিতদের সঙ্গে তাঁকে তর্কযুদ্ধে অবতীর্ণ হতে হয়েছে। সেখানে গীতার কথা একাধিকবার উক্ত হওয়ায় তাঁর আন্দোলনের পিছনে যে গীতার ভূমিকা ছিল তাতে সন্দেহ নেই। পরবর্তীকালে পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সমাজ সংস্কারের ধারাকে এগিয়ে নিয়ে গেছেন। বিদ্যাসাগর ঈশ্বরতত্ত্ব সম্পর্কে আলোচনা না করলেও গীতার আদর্শে বিশ্বাসী ছিলেন। চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়ের বিদ্যাসাগর গ্রন্থের দ্বিতীয় সংস্করণে বলা হয়েছে যে বিদ্যাসাগর বলেছেন -'জীবনে গীতার উপদেশ অনুসারে চলাই শ্রেয়'।

...ক্রমশঃ

—অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

বিজ্ঞপ্তি:— *হিরণ্যগর্ভের পূর্ববর্তী কিছু সংখ্যার সংগ্রহ (জুন ২০০৮ থেকে অক্টোবর ২০১৪) ও তৎসহ ভর্গজ্যোতি পত্রিকার তিনটি সংখ্যা (২০০৭-২০০৮) আশ্রমে হিরণ্যগর্ভ কাউন্টারে পাওয়া যাচ্ছে। মোট মূল্য ৫৩৫/-টাকা (ডাক খরচ অতিরিক্ত)।*

গুরুগীতা

(মূল, অন্বয়, বঙ্গানুবাদ যৌগিক ও সাধারণ অর্থ সম্বলিত)

যোগীরাজ শ্রীহরিমোহন বন্দ্যোপাধ্যায়

(২১)

গুরুণা দর্শিতে মার্গে মনঃ শুদ্ধিঞ্চ কারয়েৎ।
অনিত্যং খণ্ডয়েৎ সর্ব্বং যৎকিঞ্চিদাত্মগোচরম্।। ৬৬

গুরুণা (সদ্‌গুরুণা) দর্শিতে মার্গে (গতিং লব্ধা) মনঃশুদ্ধিং (মনসঃ শুদ্ধিং) চ কারয়েৎ (এবং কৃত্বা জগৎসম্বন্ধি) যৎকিঞ্চিৎ অনিত্যং আত্মগোচরং (অস্তি), তৎ সর্ব্বং খণ্ডয়েৎ।। ৬৬

পরুন্তু জীব আকার বিশিষ্ট সুতরাং নিরাকার বুঝে না, এবং ভাব সমন্বিত বলিয়া ভাবাতীত ভাবও বুঝে না; সে কারণ ইন্দ্রিয় মধ্যে পতিত অন্ধজীবের শূন্যস্বরূপ ব্রহ্ম ধারণা হয় না; সে কারণ বলিতেছেন যে, ইন্দ্রিয় মধ্য দিয়া সদ্‌গুরু প্রদর্শিত মার্গ দিয়া গতি করিতে হইবে, জড় মূর্তিকে ক্রমশঃ সূক্ষ্মমূর্তি পরে সূক্ষ্মাণু মূর্তিতে পরিণত করিতে হইবে, ইহাই মনঃশুদ্ধির উপায়, অর্থাৎ মনের আবরণ স্বরূপ যে ইন্দ্রিয় বিষয়রূপ মল মনকে আবরিত করিয়া উহাকে অন্ধ করিয়া রাখিয়াছে, তাহা নিবারিত হইয়া মন স্বচ্ছভাব লাভ করিলে ব্রহ্মদর্শন হইবে, তখন মনের গোচরীভূত যে সমস্ত অনিত্যজ্ঞান (অর্থাৎ অনিত্যকে নিত্যবোধে মিথ্যাজ্ঞান) দূরীভূত হইবে, অর্থাৎ ক্রিয়ার দ্বারা ক্রিয়ার পরাবস্থা লাভ করিবে, ক্রিয়ার পরাবস্থাই ব্রহ্মের রূপ এবং সেই অবস্থা লাভ করিলেই ব্রহ্ম লাভ হইল। ৬৬

জ্ঞেয়ং সর্ব্বমনিত্যঞ্চ জ্ঞানঞ্চ মন উচ্যতে।
জ্ঞানং জ্ঞেয়ং সমং কুর্য্যান্নান্যোহপ্যাত্মদ্বিতীয়কঃ।। ৬৭

জ্ঞেয়ং (যৎ নিত্যমিব প্রতীয়তে) তৎ সর্বং অনিত্যঞ্চ (অনিত্যমেব জানীয়াৎ), (দ্বিতীয়ং কিঞ্চিৎ নাস্তি অতএব) মনঃ (এব) জ্ঞানম্ (জ্ঞানস্বরূপং) উচ্যতে, (অতএব) জ্ঞানং জ্ঞেয়ং সমং কুর্য্যাৎ; অন্যঃ (কশ্চিৎ) অপি আত্মদ্বিতীয়কঃ ন (অস্তি ইতি শেষঃ) ।। ৬৭

ব্রহ্ম ছাড়া অপর যাহা কিছু জ্ঞেয় অর্থাৎ জানিবার বিষয় বলিয়া অনুমিত হইতেছে, উহারা সকলই কাল্পনিক বলিয়া অনিত্য, অর্থাৎ তাহাদের জ্ঞানে নিত্যজ্ঞান হয় না। মনই জ্ঞানস্বরূপ, উহার বাহ্য সংস্কার ঘুচাইয়া উহাকে নির্মল কর, তখন দেখিবে যে জ্ঞান ও জ্ঞেয় দুইই এক হইয়া গিয়াছে, অর্থাৎ যখন এক হইল তখন দ্বিতীয় কিছু নাই বলিয়া কি-ই বা জানিবে এবং কাহাকেই বা জানিবে? সুতরাং জানাও নাই এবং জানিবার বিষয়ও নাই, অতএব ব্রহ্মকে যে আমি ও তুমি সম্বোধনের দ্বারা পরভাবে দেখিতেছ, তাহাও যথাযথ নহে, মন নিষ্কল ভাবাপন্ন হইলে উহাই ব্রহ্ম বা ব্রহ্মভাব, বা মনের আত্মভাব; পরভাবে দর্শন উহাই মনের কল্পনারূপ কলঙ্ক, অতএব মনই আত্মা এবং মনের অতীত আত্মীয় বলিবার দ্বিতীয় অপর কিছুই নাই।।৬৭

এবং শ্রুত্বা মহাদেবি গুরুনিন্দাং করোতি যঃ।
স যাতি নরকং ঘোরং যাবচ্চন্দ্রদিবাকরৌ।। ৬৮

হে মহাদেবি! এবং শ্রুত্বা (পূর্বকথিতং গুরুমাহাত্ম্যং শ্রুত্বা) যঃ (জনঃ) গুরুনিন্দাং করোতি, সঃ যাবচ্চন্দ্রদিবাকরৌ ঘোরং নরকং যাতি।। ৬৮

হে মহাদেবি, এইরূপ গুরুমহিমা শুনিয়াও যে ব্যক্তি গুরুনিন্দা করে, সে ঘোর নরকে যাবচ্চন্দ্রদিবাকর পতিত থাকে।। ৬৮

সূর্য্য তাপ ও আলোক দানে জগৎকে রক্ষা করিতেছেন, নচেৎ অন্ধকারময় ও শৈত্য গুণবিশিষ্ট জগৎ তাপ ও আলোক অভাবে থাকিতে পারে না। সূর্য্যতাপ সহ্য করিতে না পারিয়া সমুদ্র মন্থনে রসগুণ বিশিষ্ট চন্দ্রের উৎপত্তি হইয়া, তিনি আকাশে স্থিতি সম্পন্ন হইলেন (গীতা ১৫ অঃ, ১৩ শ্লোক দেখ)। সূর্য্য তাপ দিতেছেন এবং রসাত্মক চন্দ্র রসগুণ বিতরণ করিতেছেন, এই উভয়বিধ গুণের দ্বারা জগতের সাম্যভাব রক্ষিত হইতেছে। পরন্তু এই চন্দ্রেরও অন্ত আছে এবং সূর্য্যেরও অন্ত আছে — ইঁহারাও সময়ান্তরে মহাকালে মিশিবেন। জগতের রক্ষকদ্বয় সূর্য্যচন্দ্রের রক্ষণাভাবে জগতেরও বিলোপ হইবে, জগৎও মহাকালে মিশিবে ইহাই মহাপ্রলয়। সে কারণ মূল শ্লোকে বলা হইতেছে যে যাবৎ এই মহাপ্রলয় না উপস্থিত হইতেছে, তাবৎ কাল পর্য্যন্ত গুরুদ্রোহী জীবকে সূর্য্য চন্দ্রের কৃপাবর্জিত হইয়া নরকে পতিত হইয়া থাকিতে হয়। এই দেহকেই ক্ষুদ্রজগৎ বলে। জীব মনাকারে এই দেহ মধ্যে বাস করিতেছে, এবং চন্দ্রাকারে তাহার ঊর্দ্ধে গতি হইয়া সূর্য্যের নিকট হইতে বুদ্ধি স্বরূপ প্রভা সংগ্রহ করিয়া নিম্নজগৎকে সে আলোকিত করিতেছে। জগৎ হইতে চন্দ্রের উৎপত্তি বলিয়া জগতের সংস্কাররূপ রসগুণ তাহাতে আছে, এবং এই রসগুণের দ্বারা সে সূর্য্যের তাপকে প্রশমিত করিতেছে, নচেৎ প্রখর সূর্য্যতাপে জগৎ নিজ উৎপত্তিস্থানে সূর্য্যে গিয়া মিশিত, এবং জগতের লয় হইত। পরন্তু রসধাতুর আধিক্য হইলে (অর্থাৎ মন ইন্দ্রিয়াদির দ্বারা অভিভূত হইলে) চন্দ্রতারা সূর্য্যলোক হইতে বিচ্ছিন্ন হইয়া নিম্ন জগতে খসিয়া

পড়ে (অর্থাৎ মন বুদ্ধি ভ্রষ্ট হইয়া অধঃপাতিত হয় (গীতা ২য় অঃ, ৬৩ শ্লোক দেখ), এবং জীবের অন্ধকারময় পাতালে গতি হয়। পাতালে নরকের স্থিতি আছে, তথায় গিয়া মৃত্যুযন্ত্রণারূপ বহুবিধ যন্ত্রণা সে ভোগ করে, শেষে যন্ত্রণার পরিসমাপ্তিতে জীবের জড়বৎ পরিণতি হয়।। ৬৮

...ক্রমশঃ

(কলিকাতা—আদিনাথ-আশ্রম হইতে প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত)

শ্রীশ্রীমায়ের আধ্যাত্মিক কথা

(৪)

সদ্‌গুরু মাহাত্ম্য— (পূর্ব প্রকাশিতের পর....)

শ্রীশ্রীমা: আধ্যাত্মিক পথে আসতে গেলে সর্বপ্রথম জানতে হবে যে তুমি কি চাইছ? — জাগতিক সুখ চাইছ না আধ্যাত্মিক বিষয়ের সত্যকে জানতে চাইছ? আধ্যাত্মিকতায় প্রথমেই জানতে হবে 'আমি' কে? আমি কোথা থেকে এসেছি এবং কোথায় যাব? — অর্থাৎ, আত্মজ্ঞান বা আত্মার খোঁজ। তোমার ভিতরে যে সত্তাটা আছে, যে বোধ করাচ্ছে, সেটা কোথায় বা সেটি কি রকম? দেখো, তুমি কি চাইছ সেটাও তোমায় জানতে হবে আর কি চাইছ না সেটাও তোমায় জানতে হবে।

ব্যক্তি: আমি কি চাইছিনা, সেটা আমি কিছুটা জানি আর আমি কি চাইছি সেটা আমি জানি না।

শ্রীশ্রীমা: কি চাইছ তুমি সেটাও তোমাকে জানতে হবে আর জেনে তোমার আমিত্বকে পরিত্যাগ করতে হবে। 'আমি' কি চাইছি, সেটি না জেনে নিজস্ব অহং-এর বশবর্তী হয়ে যারা সত্যের সন্ধানে চলার জন্য ভাবে তাদের ঐরকম উদ্‌ভ্রান্তের মত জন্ম-জন্মান্তর কাটতে থাকে। কিছুই লাভ হয় না, শুধুমাত্র কর্মফল সঞ্চয় হয়ে প্রারব্ধের চক্করে পড়ে কেবল কালচক্রে ঘুরতে থাকে। যে সদ্‌গুরু মহিমা বোঝে না, তার অন্তরে শুভেচ্ছা জাগ্রত হয়নি বুঝতে হবে। তাকে কোন মহাত্মার আদর্শকে গ্রহণ করে গুরুকরণ করে সমর্পণ করতে হবে। দেখো, তুমি নাগপুর থেকে এলে; তুমি নাগপুরের রাস্তাটা ধরলে, তারপর এইখানের পথ চিনলে। তুমি একটি route জানলে, হয়তো এই পথের সন্ধান তুমি কারো কাছে পেয়েছ। এবার তুমি যদি দশটা রাস্তার খোঁজ করো, এখানে আসবার জন্য, তবে তোমার এখানে পৌঁছতে দেরী হবে নিশ্চয়ই। তোমাকে ভগবান একটি রাস্তা দেখিয়ে দিলেন; এবার তুমি যদি মনে করো যে সেই রাস্তাটায় গিয়ে 'আমি খুব একটা আরাম পেলাম না, আবার অন্য একটা রাস্তা খুঁজি', তখন তুমি আবার ভুল করে দেখবে যে ওখানেই এলে — তো সারাজীবন রাস্তায়ই ঘুরপাক খেতে খেতে কেটে যাবে। আর সত্যের সন্ধান করবে কখন? দেখো, যাঁরা প্রকৃত মহাত্মা হন তাঁরা বেশীরভাগই নিজের দেশ, নিজের আসন ছেড়ে কোথাও যান না। যেমন, শ্রীশ্রীআনন্দময়ী মাতা, শ্রীশ্রীরামঠাকুর, শ্রীশ্রীনাঙ্গাবাবা, শ্রীশ্যামাচরণ লাহিড়ী মহাশয়, শ্রীসীতারামদাস বাবা, শ্রীতৈলঙ্গ স্বামী, শ্রীরামকৃষ্ণদেব, নামদেব, তুকারাম, নানক, কবীর ইত্যাদিরা তীর্থভ্রমণ ভিন্ন বিনা প্রয়োজনে ঈশ্বরের নির্দেশ ছাড়া নিজের স্বদেশের আসন ছেড়ে কোথাও যান নি, প্রয়োজনও হয়নি। যাঁর কাছে পরমার্থ থাকে, তিনি সর্বদা ভগবৎ মহিমায় যুক্ত অবস্থায় থাকেন, ভগবৎ-নির্দেশে সব কিছু করেন, ভগবানের নাম প্রচার করেন, তিনি ভগবৎ ক্ষেত্র ছেড়ে কোনদিন কোথাও যান না। ভারতবর্ষ চিন্ময়ভূমি, মহাত্মাদের নাম যশ প্রতিষ্ঠার প্রয়োজন হয় না। তাঁরা জীবের কল্যাণ সাধন করে শান্ত অবস্থায় অবস্থান করেন। সত্যকে খোঁজো, হুড়োহুড়ি এবং জটিল চিন্তা করে কোন লাভ নেই। তুমি জানবে, অন্তরে প্রত্যেকেরই আলোর spark আছে। তোমায় আমি মনে মনে যদি একটি চিন্তার তরঙ্গ প্রেরণ করি — একটি spark দেখবে। আমার দীক্ষিত সন্তানেরা জানে কূটস্থে spark light-এর দর্শন কি জিনিস। শুধুমাত্র spark কেন? আত্মজ্যোতি! অনাহত চক্রের মধ্যে দিয়ে হৃদয়-কমলটা কি ভাবে দেখা যায়, এখানে আমার দীক্ষিত সন্তানদের মধ্যে অনেকেই তা জানে। এটি মহাবতার বাবাজী মহারাজের চিন্ময় ক্ষেত্র। মহাবতারের সঙ্গে তাঁর পরিমণ্ডলের আসা-যাওয়া এখানে সব সময় রয়েছে। আমি তাঁরই শরণাগত, তাই কূটস্থের ব্যাপারগুলি বুঝতে শিখেছি। তোমরাও সদ্‌গুরু শরণে এসো, চিন্ময় জ্যোতির স্পর্শ পাবে নিশ্চয়। আমার যিনি সদ্‌গুরু ছিলেন, রামকৃষ্ণ পরমহংসদেবের দেহ ছিল তাঁর। তিনি হঠযোগ, তন্ত্রযোগ, ক্রিয়াযোগ সিদ্ধ মহাপুরুষ ছিলেন। দেখো, সাধন জীবনে চলার পথে অনেক দৃশ্য আসবে, সেগুলিকে দেখবে কিন্তু তাই নিয়ে বুঁদ হয়ো না। ওটা ধ্যান নয়। মায়ামুক্ত হোচ্ছ কি না সেটা লক্ষ্য করো। আমিত্ব-মুক্ত হোচ্ছ কি না সেটা নিজের ভিতরে অনুভব করো আর সদ্‌গুরু শরণাগত হও।

...ক্রমশঃ

মহাপ্রস্থানের পথে
(২)

এগিয়ে চলি মহাপ্রস্থানের পথে। এসে পৌঁছাই দুই বিরাট হিমবাহের সঙ্গমস্থলে। নদীর স্বচ্ছনীল জলের চিহ্ন চোখে পড়ে না। দুই দিকেই ছড়ানো ভাঙা পাথর ও ধুলোবালি মাখা বরফের স্তূপ। হিমবাহদুটিকে দেখে মনে হয় যেন প্রাণহীন রক্তহীন বিবর্ণ দুই বাহুর মিলন। হাতে হাত মিলিয়ে দুই বিশাল কঙ্কালের মতো পড়ে আছে। তারই মধ্যে কোথাও কোথাও গলে যাওয়া বরফের ফাঁকে আঁধার ভরা গহ্বর, যেন কঙ্কালের দৃষ্টিহারা চোখের শূন্য কোটর। অলকানন্দার হিমবাহে এসে পৌঁছেছি। পথের উপরের বরফ এখন এখানে অনেক জায়গায় গলে গিয়েছে। তবে চারিদিকের বরফের পাহাড় মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে। বরফের খোলস ছেড়ে এখানে ওখানে চারপাশে ছড়িয়ে ছিটিয়ে আছে বিচিত্র বর্ণের নানা আকারের রাশি রাশি পাথর। পথ রেখা নেই, যেখান দিয়ে কোনো রকমে যাওয়া যায় সেইখান দিয়েই যাই। সেই আমাদের পথ। শুধু গন্তব্যের দিকে দৃষ্টি আছে। পথ জুড়ে বড় বড় পাথর পড়ে। হাতে ভর দিয়ে একটা পাথরের উপর উঠে আর একটা পাথর ডিঙিয়ে চলি। সঙ্গী কুকুরই পথ দেখিয়ে এগিয়ে নিয়ে যায়। খানিকটা ছুটে যায়, দাঁড়ায়, পিছন ফিরে তাকায়, ঠিক আসছি দেখে আনন্দে লেজ নাড়ে। আবার এগিয়ে চলে, আবার দাঁড়ায়, ফিরে তাকায়। পিছিয়ে পড়েছি দেখে ছুটে ফিরে আসে কাছে। কিছুক্ষণ সঙ্গে চলে। আবার এগিয়ে যায়।

কিছুক্ষণ থেকে জলপড়ার প্রচণ্ড শব্দ পাচ্ছিলাম। এবার তার কারণ দৃষ্টিগোচর হল। বাঁদিকে নীলকণ্ঠ পর্বত, তারই অঙ্গ বেয়ে বহু ধারা নেমেছে। দীর্ঘদিন যে তুষাররাশি পর্বতের অঙ্গীভূত হয়ে স্থির ও স্তব্ধ ছিল, গ্রীষ্মের খরতাপ, সূর্য্যের সোনার কাঠির স্পর্শ পেয়ে ঘুম ভেঙেছে সেই নির্ঝরিণীদের। আকাশ ছোঁওয়া পাহাড়ের মাথা থেকে ধারাগুলো নেমে আসছে ধরণীর বুকে মুক্তির উচ্ছ্বাস নিয়ে। এখানে এর পরিচয় সহস্রধারা নামে। সামনেই পাঁচটি বড় বড় প্রপাত চোখে পড়ে। এই সেই পঞ্চধারা তীর্থ যা পুরাণ কথিত বদ্রীনারায়ণ তীর্থক্ষেত্রের বর্ণনায় হিমগিরির নৈর্ঋত দিক্‌ভাগে অবস্থিত বলে বর্ণিত আছে। সেই ধারাগুলি নেমে যেখানে নদীর আকারে বয়ে চলেছে সেখানে পৌঁছলাম। ওপারে যেতে হবে। পুল নেই, তার প্রয়োজনও নেই কেননা জলের গভীরতা নেই। সমতলভূমিতে জলস্রোতগুলি চারিদিকে ছড়িয়ে ছোটায় খুব বেশী টান নেই। তবে তুষার গলা জল বরফের থেকেও ঠাণ্ডা। সাবধানে পেরিয়ে আসি। ওপারে গিয়ে সামান্য চড়াই তারপর আবার উঁচুনীচু পথচলা। অল্প বৃষ্টি নামে, তারমধ্যেই বর্ষাতি কোট গায়ে চলি। দেখতে দেখতে জোরে বৃষ্টি নামে। পথের পাশে ছোটো একটা গুহায় আশ্রয় নিই। হু হু করে বাতাস ঢোকে। কনকনে শীত। বৃষ্টি থামলে ফের পথচলা শুরু। সামনে শিরদাঁড়া পথ — Razor Edged Ridge। একটা সরু লাইনের উপর দিয়ে চলা। দুই দিকেই পাহাড়ের ঢালু গা। নীচে তিন-চারশ ফুট সোজা নেমে গিয়েছে। একটু বেপথ হলেই শেষ। এখানে দেহত্যাগ হয়েছিল নকুল আর সহদেবের। ভূপিন্দরের কথামত এপাশ ওপাশ নয় শুধুমাত্র পায়ের উপর নজর রেখে পেরিয়ে আসি ওই শিরদাঁড়া পথ। এসে পৌঁছোই চক্রতীর্থে। সার্ভে ম্যাপে যা 'মাজনা' নামে উল্লেখিত। এই চক্রতীর্থেই তপস্যা করে শিবের কাছ থেকে পাশুপত-অস্ত্র লাভ করেছিলেন অর্জুন। মহাপ্রস্থানের পথে এখানেই তাঁর দেহত্যাগ হয়েছিল।

চক্রতীর্থে প্রান্তরের চারিদিকে আকাশচুম্বী গিরিশ্রেণী। তারই মধ্যে প্রায় চক্রাকারে বিস্তীর্ণ সমতলক্ষেত্র। মনে হয় পাহাড়ে ঘেরা যেন গোলাকার হ্রদ ছিল এখন শুকিয়ে গিয়ে পাথর বিছানো ময়দান রূপে পড়ে আছে। তারই বুকে দুই একটা ঝরণার ধারা এখনও এঁকে বেঁকে চলেছে। প্রান্তরের একটু উপরে রাশিকৃত পাথরের মধ্যে কয়েকটি গুহা, তারই কাছে তাঁবু ফেলা হল। তুষার শিখরগুলোর উপর অস্তগামী সূর্য্যের রশ্মি পড়ে বিচিত্র বর্ণের ছটা ফোটে। ধীরে ধীরে সন্ধ্যা নামে। আকাশের লাল আলো ম্লান হয়। বাতাসের হিমস্পর্শ শিহরণ জাগায়। তাঁবুর মধ্যে প্রবেশ করি। মাঝরাতে হঠাৎ ঘুম ভাঙে বজ্রপাতের মত প্রচণ্ড শব্দ শুনি। মেঘহীন সুনীল আকাশ, আকাশ জুড়ে তারার মেলা। মেঘ বা বৃষ্টির চিহ্নমাত্র নেই তবুও ফের বজ্রপাতের শব্দ কিন্তু নেই কোনো বিদ্যুতের ঝলক। পরদিন সকালে চক্রতীর্থ ছাড়িয়ে চলেছি। মাথাও একটু ভার ভার লাগছে, বুঝি হাই-অল্টিচ্যুড সিকনেস্। অল্প

চড়াই। চড়াই শেষে পাহাড়ের অপরদিকে নামা। আবার উঁচুনীচু পথ। কখনো কখনো আবার শিরদাঁড়া পথ। চারিদিক রৌদ্রে ঝলমল করছে হঠাৎ শুনি গতরাত্রের সেই বজ্রপাতের শব্দ। দেখি দূরে নীলকণ্ঠ পর্বতের গা থেকে বরফের স্তূপ ভেঙে পড়ছে - হিমানী সম্প্রপাত — Avalanche। পাহাড়ের নীচের অংশ ধূসর ও পিঙ্গলবর্ণ। তুষার শূন্য। চক্ষের পলকে দেখি উপরের সেই শুভ্র বাষ্পমণ্ডলী ভেদ করে সাদা বরফের লেলিহান জিহ্বা নীচে সেই পাহাড়ের গায়ে এঁকে বেঁকে বিদ্যুৎবেগে নেমে আসছে। চারিদিকে ছোটো বড় শব্দ ওঠে। এপারের পাহাড়গুলি সেই শব্দ লোফালুফি করে প্রতিধ্বনি তোলে। তারপর হঠাৎ আবার সব শান্ত, শব্দহীন, গতিহীন। যেন স্বপ্ন — কোথাও কিছু ঘটেনি; অথচ দূরে দেখি এই ক্ষণিক প্রলয়ের রেখে যাওয়া সুস্পষ্ট চিহ্নগুলি। এই কিছু আগে যেখানে বরফ ছিল না, সেখানে বরফ ছেয়ে গেছে। যে তুষার স্তূপ থেকে হিমানী সম্প্রপাত হল সেখানে অবশিষ্ট তুষার অঙ্গে অপূর্ব বর্ণ পরিবর্তন ঘটেছে। বরফের সাদা ধবধবে রূপ আর সেখানে নেই। ভেঙে যাওয়া অংশে নীল সবুজ স্বচ্ছ শক্ত তুষার দেখা যায় যেন ভাঙা নীল কাঁচের বোতল, তারই উপর সূর্য্যের কিরণ বর্ণবিন্যাস জাগায়। এতক্ষণে বোঝা গেল গতরাতের বিনা মেঘে বজ্রপাতের শব্দের কারণ। ভীষণ সুন্দর একেই বলে।

শতোপন্থ তাল

শিরদাঁড়া পথ দিয়ে চলেছি অতি সাবধানে কোনরকমে পায়ের উপর ভর রেখে শরীরের ভার সামলে। ডাইনে বাঁয়ে দুপাশেই গভীর খাদ। কুকুরটা দেখি পথ ছেড়ে এক জায়গায় নীচের দিকে নেমে গেল। যাবার আগে কবার ডাকাডাকি করল। তারপর নীচে গিয়ে সোজা এগোতে লাগল। মাঝে মাঝে আবার ছুটে উপরে আসে মাথা ঘুরিয়ে পাহাড়ের নীচের অংশ দেখায়, ছুটে সেদিকে নেমে যায় - আবার উপরে উঠে আসে। বেশ বোঝা যায় সে আমাদের নীচে যাবার জন্যই বারবার সংকেত করছে। ভূপিন্দরকে সেকথা বললে সে বলে আমরা ঠিক রাস্তা দিয়েই চলেছি। হঠাৎ মনে পড়ে গুরুমায়ের একটি কথা। ‘‘পথের মধ্যে যদি কোথাও দেখিস্ তোর চলার পথে কেউ বাধা দিচ্ছে তা সে কুকুর, বানর বা একটা মাছিই হোক না কেন জানবি সে আমারই নির্দেশ।’’ মায়ের কথা স্মরণ করে দাঁড়িয়ে যাই। ভূপিন্দরকে জানাই উপরের রাস্তায় নিশ্চয়ই কোন অসুবিধা আছে আমরা বরং নীচের রাস্তাটা ধরেই চলি। আমার কথায় নিমরাজী হয়ে সে পথ পাল্টায়। কুকুরের দেখানো পথ ধরে এগিয়ে যাই। একটু এগোতেই দেখি উপরের রাস্তাটা ধসে গেছে। এগোনোর পথ নেই। লেজ নেড়ে কাছে ছুটে আসে কুকুরটা। তার ভাবভঙ্গি যেন - কেমন, বলেছিলাম তো, উপরের রাস্তা বন্ধ, নীচের রাস্তা ধরেই যেতে হবে; তোমরা আমার কথা শুনছিলে না। ভূপিন্দরও অবাক! আমার মনে আনন্দের জোয়ার। মায়ের স্নেহের পরশ পাই। বুঝি সবক্ষেত্রেই তিনি আমাকে আগলে রেখেছেন।

ধীরে ধীরে পথ চলি। ছড়ানো বড় বড় পাথরের মাঝ দিয়ে বয়ে যাওয়া কতগুলো ঝরণাধারা পাই। জমির উপরে পাথরের আশেপাশে এখানে এখনও সাদা বরফ জমে রয়েছে। কোথাও বা বরফ গলে জলের স্রোত নামছে। জলে বরফের টুকরোও ভেসে চলেছে। পাথর থেকে পাথরে লাফিয়ে ধারাগুলো পার হই। বরফের উপর অতি সাবধানে পা ফেলি। সামনে উঁচু লম্বা বাঁধের মতো একটা জায়গা। ধীর পায়ে উঠে আসি। আর উপরে উঠেই বিস্ময়ে বাক্‌রহিত হয়ে যায়। সামনে ত্রিকোণাকৃতি শতোপন্থ তাল। শুনি তিনকোণে তিন দেবতার অধিষ্ঠান — ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর। তাঁরা সেখানে ধ্যানরত। কোথাও কোনো মন্দির নেই। প্রকৃতির প্রাকৃতিক দেবায়ন। উপরে সুনীল আকাশ, চারধারে অমল ধবল তুষার প্রাকার যেন শ্বেতপাথরের তৈরী। নীচে বিস্তীর্ণ বারিরাশি - নিস্তরঙ্গ স্ফটিক স্বচ্ছ প্রশান্ত সরোবর। যেন নীলকণ্ঠের কণ্ঠে দোলে নীলকান্তমণি। দুর্গম পথের অশেষ ক্লান্তি নিমেষে অন্তর্হিত হয়। গতিবেগ সংযত করে ধীরপদে হ্রদের তীরে নেমে চলি। প্রাণভরা অসীম আনন্দ। হ্রদের তীরে তাঁবু পড়ে। শতোপন্থের উচ্চতা ১৪,৪৪০ ফুট, চওড়া ৬৪০ ফুট। বদ্রীনাথ থেকে ২২ কিলোমিটার। চক্রতীর্থ থেকে প্রায় ছয় কিলোমিটার। শতোপন্থের জলে স্নান করে নির্মল হই।

পরের দিন ফের চলা - সোমকুণ্ড, সূর্য্যকুণ্ডের দিকে। আজও সেই শিরদাঁড়া পথ। তেমনি ধীরে ধীরে অতি সাবধানে

পথ চলা। সামনে ছোটো একটা হ্রদ, নাম 'সত্যপদ হ্রদ'। সেখান থেকে আরও ঘন্টাখানেকের পথচলা - তারপর সোমকুণ্ড। তুষার গলা জল তবে পরিমাণে অল্প। কুণ্ডটি ছোটো - পরিধি প্রায় চল্লিশ ফুট। আদতে আর্তেজিয় কূপ। চন্দ্রের হ্রাস বৃদ্ধির সঙ্গে কুণ্ডের জলের পরিমাণও কমে, বাড়ে। অমাবস্যায় সম্পূর্ণ জলশূন্য হয়ে যায়, পূর্ণিমাতে হয় জলপূর্ণ। সোমকুণ্ড থেকে আরও ঘন্টাখানেকের পথ সূর্য্যকুণ্ড। সূর্য্যকুণ্ড ছাড়িয়ে এগিয়ে চলি। সামনে কিছুদূরে গগনস্পর্শী পর্বতশ্রেণী। হিমবান্ মহাশৈল। এরই নাম বদ্রীনাথ পর্বত। সার্ভে ম্যাপ-এর তথ্য অনুযায়ী চৌখাম্বা। এর একপাশ দিয়ে নেমে এসেছে শতোপন্থ হিমবাহ, অপর দিকে নেমে গিয়েছে গঙ্গোত্রী গ্লেসিয়ার। এই পর্বতের গিরিপথ দিয়ে যেতে পারলে মদমহেশ্বরে নামা যায়। অন্য এক পথে পৌঁছানো যায় কেদারনাথেও তবে এরজন্য পর্বত আরোহণের বিশেষ প্রশিক্ষণ নিতে হয় আর সেই সঙ্গে দরকার অভিজ্ঞতা, সরঞ্জাম আর সাহস। সামনের দিকে হাত দেখিয়ে ভূপিন্দর বলে ওই দেখুন স্বর্গারোহিনী। তাকিয়ে দেখি সত্যিই বরফাবৃত পাহাড়ের গায়ে ধাপে ধাপে উঠেছে সিঁড়ি। পর্বতের শিখর থেকে ভেঙে পড়া বরফের স্তুপ স্তরে স্তরে নেমে এসেছে। বোঝা যায় হিমানী সম্প্রপাতের ফল। কোথাও বা হিমবাহের স্বাভাবিক নিম্নমুখ জমাট তুষারের গতিপথ। দূর থেকে সিঁড়ির ধাপের মতো দেখায়। তুষার শিখর থেকে সাদা মেঘের পুঞ্জ বাতাসে ভেসে ভেসে নীল আকাশে উঠতে থাকে। ভাবি ঐরকম মেঘের অন্তরালে বুঝি অন্তর্হিত হয়েছিল স্বর্গের রথ।

এবার ফেরার পালা। ধীরে ধীরে নেমে আসি শতোপন্থের পারে। সেখান থেকে চক্রতীর্থ। একরাত চক্রতীর্থে কাটিয়ে নেমে আসি লক্ষ্মীবনে। সেখান থেকে মানাগ্রাম। নেমে দেখি যেন প্রলয় হয়ে গিয়েছে নীচে। উপরে তেমন বৃষ্টি না পেলেও নীচে প্রবল বৃষ্টি পড়ে রাস্তা বন্ধ হয়ে গেছে। বদ্রীনাথ হৃষিকেশ হাইওয়ের স্থানে স্থানে ধস নেমেছে। অনির্দিষ্ট কালের জন্য যানবাহন চলাচল বন্ধ। আশ্রয় নিই ভারত সেবাশ্রম সংঘের অতিথি নিবাসে। রাতে হঠাৎ ফোন আশ্রম থেকে শিবদার, "তুই তো রুদ্রপ্রয়াগে নেই। মায়ের সাথে কথা বল।" শিবদার (স্বামী সদাশিবানন্দ) কাছ থেকে ফোনটা নিয়েই মায়ের মধুর বার্তা — "এত দূরেই যখন যাবি তখন বলে গেলি না কেন? আমাকে একবার বলে গেলে তো ব্যাসপীঠও ঘুরে আসতে পারতিস্। তুই তো ব্যাসপীঠের পাশ দিয়েই চলে গেলি।" আমার তখন মনে হচ্ছে মাকে না জানিয়ে এসে কী ভুলই না করেছি। যাই হোক মায়ের কথামত পরদিনই একটা বিশেষ গাড়িতে নেমে এলাম হরিদ্বার। সেখান থেকে কলকাতা। বাড়ি ফিরেই ছুটলাম আশ্রমে। মায়ের মুখে সেই স্মিত হাসি। "যাক্ ফিরেছিস্ তাহলে।" — বড় মধুর, বড় আপন সেই কথা কয়টি।

—মাতৃচরণাশ্রিত শ্রীসৌরভ বসু

-সমাপ্ত-

পুরাণ কথা

রেবতী নক্ষত্ররূপা কন্যা রেবতী

শ্রীশ্রীমা সর্বাণী

ঋতবাক্ নামক এক মুনি ছিলেন। রেবতী নক্ষত্রের শেষভাগে তাঁহার এক পুত্র জন্মগ্রহণ করে। ঐ পুত্রের জন্মাবধি ঋতবাক্ মুনি ও তাঁহার পত্নীর নানারূপ পীড়ায় দুর্ভোগ হইতে লাগিল। এতদ্ভিন্ন সেই পুত্রও বয়ঃপ্রাপ্ত হইলে অতিশয় অধর্মাচারী হইল। ঋতবাক্ তজ্জন্য অতিশয় মনঃকষ্টে দিন অতিবাহিত করিতে লাগিলেন। একদা তিনি গর্গ মুনিকে সকল কিছু নিবেদন পূর্বক, কাহার দোষে এইরূপ শারীরিক ও মানসিক কষ্টভোগ করিতে হইতেছিল, তাহা জিজ্ঞাসা করিলেন। গর্গ মুনি বলিলেন যে ঐ পুত্র রেবতী নক্ষত্রের অন্তভাগে জন্মগ্রহণ করিয়াছিল বলিয়া তাহাদের নানাবিধ ক্লেশ উপস্থিত হইয়াছে। তখন ঋতবাক্ মুনি রেবতী নক্ষত্রকে অভিশম্পাত করিলেন এবং সেই অভিশাপে রেবতী নক্ষত্র আকাশ হইতে কুমুদ পর্বতে পতিত হইল। সেই সময় হইতে কুমুদ পর্বতের নাম 'রৈবতক' হইয়াছে। সেই নক্ষত্রের কান্তি হইতে এক পদ্ম সমাকুল সরোবরের সৃষ্টি হইল এবং সেই সরোবর হইতে এক পরমা সুন্দরী কন্যা উদ্ভুতা হইলেন। মুনি ঋতবাক্ সেই কন্যার নাম রাখিলেন 'রেবতী'।

কালে রৈবতক গিরির কন্যা বলিয়াও রেবতী পরিচিতা

হইলেন। প্রমুচ নামে একজন রাজর্ষি রেবতীকে কন্যার মত পালন করেন। রাজর্ষি প্রমুচ যজ্ঞাগ্নি সকাশে জিজ্ঞাসা করিলেন যে কাহার সহিত এই কন্যার বিবাহ হইবে। অগ্নি তখন বলেন যে বিক্রমশীলের পুত্র রাজা দুর্দ্দম বা দুর্গমের সহিত রেবতীর বিবাহ হইবে। কালক্রমে দুর্দ্দম নৃপ মৃগয়ায় বাহির হইয়া প্রমুচের আশ্রমে উপনীত হইলে রাজর্ষি প্রমুচ তখন তাঁহার সহিত রেবতীর বিবাহ দিতে চাহিলে তখন কন্যা রেবতী আপত্তি করিয়া বলিলেন যে রেবতী নক্ষত্র ভিন্ন অন্য নক্ষত্রে তিনি বিবাহ করিবেন না। রেবতীর পালকপিতা প্রমুচ যখন কোনমতেই রেবতীর মত পরিবর্তন করাইতে পারিলেন না তখন অগত্যা তাঁহার ইচ্ছা পূরণের জন্য ঋক্ষকে গগনে স্থাপিত করিয়া প্রিয়ব্রত বংশীয় বিক্রমশীল রাজার পুত্র দুর্দ্দমের সহিত রেবতীর বিবাহ দিলেন। অতঃপর রেবতীর গর্ভে 'রৈবত' নামে এক পুত্র জন্মগ্রহণ করিল। এই পুত্রই 'রৈবত মনু' নামে খ্যাত হন।

কাহিনীর গূঢ়ার্থ :— পৃথিবীর আকাশ মণ্ডলে অবস্থিত বিভিন্ন নামধারী নক্ষত্রগুলি সকলই চিন্ময় এবং উহার যে দেব বা দেবী রূপও রহিয়াছে, ইহারই প্রমাণ স্বরূপ উপরিউক্ত এই কাহিনী। যেমন সপ্তর্ষি মণ্ডলের সপ্তর্ষিগণের চিন্ময় নাম এবং রূপের অস্তিত্ব আছে, যার প্রমাণ আমরা বেদ, পুরাণ হইতে পাই, ঠিক তেমনই অনুরাধা, স্বাতী, ভরনী, কৃত্তিকা ইত্যাদিরও দেবীরূপ আছে। ঋক্ষ, শুক, ধ্রুব ইত্যাদি দেব নক্ষত্রেরও অস্তিত্ব আছে। আকাশতত্ত্বে পূর্ণ-জ্ঞানসম্পন্ন যোগী-ঋষিগণ নক্ষত্র মণ্ডলের প্রকৃত রহস্য অবগত হন।

(বিভিন্ন পুরাণ হইতে সংগৃহীত কাহিনী)

ভাগবৎ-কথা

শিবাত্মজা নর্মদা

শ্রীশ্রীমা সর্বাণী

কোনও সময়ে ভগবান শিব চরাচর জগতের কল্যাণ কামনায় ঋক্ষ পর্বতে আরোহণপূর্বক সর্বপ্রাণীর অদৃশ্য হইয়া উমার সহিত সুদুশ্চর তপস্যা করিয়াছিলেন। সেই তপস্যা কালে শিবের দেহ হইতে যে স্বেদ নির্গত হয় তাহা হইতে এক নদীর উদ্ভব হয়। সেই নদীই নর্মদা। সেই নর্মদা নদী শিব-আত্মজা স্বরূপ এবং শিবের বরে তিনি সত্ত্বোর্জ্জিতা গঙ্গার তুল্য পূজনীয়া এবং সর্বাবস্থায় পবিত্রা।

কল্পের শেষে যখন সমুদয় জগৎ জলে পরিপূর্ণ হইয়া গিয়াছিল তখন ভগবান হর নিখিল জগৎ উদরে ধারণ করতঃ প্রকৃতির ক্রোড়ে শয়ান ছিলেন। এই অবস্থায় তাঁহার সহস্রযুগ অতিবাহিত হইয়া যায়। ঐ সময় শিবকন্যা নর্মদা শঙ্করের পাদমূলে অবস্থান করিয়া তাঁহার পাদ সংবাহনে বৃতা ছিলেন। ব্রহ্মাদি দেবগণ মহেশকে ঐভাবে নিদ্রিত দর্শন করিয়া তখন বেদচতুষ্টয়ের দ্বারা পরম ভক্তিভরে তাঁহার স্তব করিতে লাগিলেন। ঐ স্তব করিতে করিতে হঠাৎ বেদচতুষ্টয় প্রলয় পয়োধিজলে বিলীন হইয়া যায়। বেদ জলধিজলে নিমগ্ন হইলে পিতামহ ব্রহ্মাও অজ্ঞান-অন্ধকারে বিলীন হইলেন। তখন মহাদেবকে প্রবুদ্ধ করিবার জন্য ব্রহ্মা তাঁহার স্তব করিতে আরম্ভ করিলেন। ব্রহ্মার স্তবে ও আরাধনায় প্রবুদ্ধ হইয়া শঙ্কর তখন নিদ্রা হইতে উত্থিত হইলেন এবং পাশ্ববর্তী নর্মদাকে বেদ লুপ্ত হইবার কারণ জিজ্ঞাসা করিলেন। নর্মদা তখন শিবের প্রশ্নের উত্তরে বলিলেন যে মহেশ যখন নিদ্রিত ছিলেন তখন মধু ও কৈটভ নামক অসুরদ্বয় বেদপাঠ নিরত ব্রহ্মার নিকট হইতে বেদ অপহরণ পূর্বক সাগর সলিলে লুকাইয়া আছে। নর্মদার কথা শুনিয়া তখন শিব বিষ্ণুকে স্মরণ করিলেন। স্মরণমাত্রই ভগবান বিষ্ণু মীনরূপ ধারণ পূর্বক জলে নিমগ্ন হইয়া পাতাল হইতে বেদ আহরণ পূর্বক ব্রহ্মাকে প্রদান করিলেন। দেবাদিদেব মহেশের একমূর্তিই প্রয়োজন অনুযায়ী ত্রি-গুণান্বিত হইয়া ব্রহ্মা, বিষ্ণু ও শিবরূপে সকল কার্য্য সম্পাদন করিয়া থাকেন। ব্রহ্মাদির ন্যায় গঙ্গা, রেবা ও সরস্বতীও সেই রুদ্র হইতে সমুদ্ভূতা। গঙ্গা তাঁহার বৈষ্ণবী মূর্তি, নর্মদা শৈবী মূর্তি এবং সরস্বতী তাঁহার ব্রাহ্মী মূর্তি।

(বিভিন্ন পুরাণ হইতে সংগৃহীত)

আশ্রমের আগামী অনুষ্ঠানসূচী

দোল পূর্ণিমা — ২১শে মার্চ, বৃহস্পতিবার
আধ্যাত্মিক সভা — ২৪শে মার্চ, রবিবার
অন্নপূর্ণা পূজা — ১৩ই এপ্রিল, শনিবার
রাম নবমী — ১৪ই এপ্রিল, রবিবার
নববর্ষ — ১৫ই এপ্রিল, সোমবার

যোগ প্রসঙ্গে উপলব্ধিত আলোকে

প্রশ্ন ৪৯ : 'গায়ত্রী' কি ও গায়ত্রী মন্ত্রের তাৎপর্য্য কি?

উত্তর : গায়ত্রী মন্ত্রার্থের সংক্ষিপ্ত সার — 'গায়ত্রী' প্রধানতঃ একটি বৈদিক ছন্দ এবং এই ছন্দেই গায়ত্রী মন্ত্র রচিত। ঋগ্‌বেদের একটি বিখ্যাত মন্ত্র এটি — 'ওঁ ভূর্ভুবঃ স্বঃ তৎসবিতুর্বরেণ্যং ভর্গো দেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ।।' — বিশ্বামিত্র ঋষি এই মন্ত্রবর্ণের দ্রষ্টা বলিয়া তিনিই এই মন্ত্রের ঋষি। এই মন্ত্রাধিষ্ঠাত্রী দেবতা হইলেন সবিতা সূর্য্য, যিনি জগৎ প্রসবিতা, সৃষ্টি, স্থিতি ও লয়ের কর্তা, সগুণ এবং নির্গুণ ব্রহ্ম। এই মন্ত্র প্রয়োগ হয় প্রাণায়ামের সময়।

বৃহদারণ্যক উপনিষদে জগতের সকল কিছুর উপরে প্রাণশক্তির ঊর্ধ্বায়ণ প্রমাণ করিবার জন্য বলা হইয়াছে যে গায়ত্রী প্রাণের মধ্যে প্রতিষ্ঠিত আছেন। 'গয়' অর্থাৎ প্রাণ সমূহকে ত্রাণ করে বলিয়াই তাঁহার নাম গায়ত্রী। আবার ছান্দোগ্য উপনিষদে বলা হইয়াছে এই দৃশ্যমান জগতের যাহা কিছু পদার্থ তাহা সমস্তই গায়ত্রী স্বরূপ। বাক্ বা শব্দই গায়ত্রী, বাক্‌ই এই সমস্ত প্রাণীজগতের গান করিয়া থাকে এবং বাক্‌ই সকল প্রাণীকে অভয় দিয়া ত্রাণ করে। তাই গায়ত্রী মন্ত্রসাধন-কারীকে বলা হইয়াছে যে যথাযথ উচ্চারণে গায়ত্রী পাঠ করিতে পারিলে গায়ত্রী সাধককে ত্রাণ করেন।

মূল গায়ত্রী মন্ত্রের দুটি অঙ্গ আছে — ব্যাহৃতি এবং শির (শিরঃ)। যেটিকে অতি যত্নে আহরণ করা হয়, তাহাকে ব্যাহৃতি বলা হয় অথবা যাহাকে খুব যত্ন সহকারে উচ্চারণ করিতে হয়, তাহাকেও ব্যাহৃতি বলা হয়। ভগবদ্‌গীতায় ওঙ্কার উচ্চারণ প্রসঙ্গে একটি শ্লোকে ভগবান বলিয়াছেন - ''ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্।'' এই প্রসঙ্গে আদি শঙ্করাচার্য্য বলিয়াছেন — প্রণবযুক্ত অর্থাৎ ওঙ্কার উচ্চারণ সংযুক্ত ব্যাহৃতি যুক্ত এবং শিরোযুক্ত গায়ত্রীই সমস্ত বেদের সার। প্রণব, ব্যাহৃতি এবং শিরোযুক্ত গায়ত্রীর রূপ হইল — ওঁভূঃ, ওঁভুবঃ, ওঁস্বঃ, ওঁমহঃ, ওঁজনঃ, ওঁতপঃ, ওঁসত্যং ওঁ তৎসবিতুর্বরেণ্যং ভর্গোদেবস্য ধীমহি। ধিয়ো যো নঃ প্রচোদয়াৎ ওঁ আপোজ্যোতি রসো'মৃতং ব্রহ্ম ভূর্ভুবস্বরোম্ - এই সপ্তব্যাহৃতি গায়ত্রী মন্ত্রের একটি পূর্ণরূপ হইলেও গায়ত্রী জপের সময় প্রধানতঃ তিনটি ব্যাহৃতি উচ্চারিত হয়, যাহাদের 'মহাব্যাহৃতি' বলা হয়। জপকালে গায়ত্রী শিরের স্থলে শুধুমাত্র 'ওঁ', ওঙ্কারই ব্যবহৃত হয়। তিন মহাব্যাহৃতি এবং ওঙ্কারযুক্ত গায়ত্রীজপের সাধনা বহু প্রাচীন যুগ হইতেই প্রচলিত ছিল এই বিষয় মনুসংহিতায় পাওয়া যায়।

গায়ত্রীর সপ্ত-ব্যাহৃতি আসলে এই ব্রহ্মাণ্ডের সপ্তলোক, প্রত্যেক লোকই সগুণ ব্রহ্মের স্থূল, সূক্ষ্ম এবং কারণ দেহের বিভিন্ন প্রদেশ। এই লোকগুলি সেই সেই প্রদেশসুলভ জ্ঞানের বিকাশভূমি এবং আত্মজ্ঞানের ক্রমনির্দেশক। ভাগবত পুরাণমতে, এই সপ্তলোক ভগবানের সর্বব্যাপ্ত সমষ্টি দেহের সপ্তআবরণ। গায়ত্রী মন্ত্রের মধ্যে গায়ত্রী-শির ''ওঁ আপো জ্যোতি রসো'মৃতং ব্রহ্মভূর্ভুবস্বরোম্'' — এর অর্থ হল — 'আপঃ' অর্থে ব্যাপ্তি বুঝায়, 'জ্যোতি' অর্থে প্রকাশরূপ, 'রস' অর্থ সর্বাতিশায়িত্ব সর্বোৎকৃষ্টতা, 'অমৃত' অর্থাৎ মরণাদি সংস্কার বিমুক্ত এক বিশুদ্ধ বোধের অবস্থা বুঝানো হয়েছে। শঙ্করাচার্য্যের মতে গায়ত্রী শিরের অর্থ হল — সর্বব্যাপী, সর্বপ্রকাশক, সর্বোৎকৃষ্ট, নিত্যমুক্ত সচ্চিদানন্দ যে ওঙ্কার-বাচ্য ব্রহ্ম, সেটিই 'আমি' অর্থাৎ আমার আত্মসত্তা গায়ত্রীর শির গায়ত্রীর মুকুটমণি; অর্থাৎ, সাধনার ক্রমধারায় স্থূল অন্নময়কোষের অহংকারী জীব অপঃতত্ত্ব এবং তেজঃতত্ত্বের স্থূলাংশ নির্মিত মনোময় কোষে উত্তোলিত হইবার জন্যে প্রথমে প্রার্থনা জানায়। তারপর তেজঃতত্ত্বের সূক্ষ্মাংশ জ্যোতিঃতত্ত্ব-নির্মিত বিজ্ঞানময় কোষে উত্তোলিত হইয়া স্থিত হইবার জন্যে প্রার্থনা জানায়। অবশেষে তাহা হইতেও সূক্ষ্মতর রসময় আনন্দময় কোষে উপনীত এবং স্থিত হইবার প্রার্থনা জানায়। ইহারও পরে সূক্ষ্মতম হিরণ্ময় কোষে অর্থাৎ যাহাকে দহর কোষ বলা হয়, সেই হৃদপদ্মের হিরণ্ময় দহর কোষে চিৎস্বরূপের অমৃতের মধ্যে স্থাপিত হইবার জন্যে যোগী প্রার্থনা জানায়। অন্তিমে এই ক্ষুদ্র 'আমি'র জীবরূপী বিন্দুকে ব্রহ্ম সিন্ধুতে মিলাইয়া জীব-ব্রহ্মের একাত্ম-করণ সাধিত হইবার জন্য সমর্পিত সত্তাবোধির প্রার্থনারূপ ব্যাকুলতায় জীব ব্রহ্মের 'একাত্মক' হইবার মন্ত্রই 'গায়ত্রী-শির'। মহাসাধক রামপ্রসাদের ভাষায়, ''সিন্ধুতে মা'র বিন্দুখানি ঠিক্‌রে পড়ে রূপের মাণিক''— এই অবস্থা বা চিদ্‌ভূমির চেতনার সম্বোধি।

—শ্রীশ্রীমা সর্বাণী

কোথায় তোমরা চলেছ?

(স্বামী মুক্তানন্দ রচিত ইংরাজী পুস্তক 'Where Are You Going' -এর বঙ্গানুবাদ)

(২)

মুখবন্ধ — (মাতা দুর্গানন্দ) (...পূর্ব প্রকাশিতের পর)

আত্মজ্ঞান লাভের পর পাঁচ বছর ধরে মুক্তানন্দ গণেশপুরী থেকে এক মাইল দূরে গাভদেবীতে নিত্যানন্দের তৈরী তিন কক্ষ বিশিষ্ট এক কুঁড়ে ঘরে নিত্যানন্দের সঙ্গে বাস করেন। তারপর ১৯৬১ সালে মুক্তানন্দকে সিদ্ধ ধারায় শক্তিপাত সঞ্চারিত করে নিত্যানন্দ দেহত্যাগ করেন। উত্তরাধিকারী হয়েও মুক্তানন্দের জীবনে কোন পরিবর্তন দেখা গেল না। গাভদেবীর তিন কক্ষ ঘরে তিনি বাস করতে লাগলেন। ১৯৬০ সালের প্রথম ভাগ পর্যন্ত ভক্তরা রবিবার-রবিবার বোম্বাই ও অন্যান্য স্থান থেকে এসে তাঁর কাছে সমবেত হতেন। এ ছাড়া আশ্রম সর্বদাই শান্ত ও নির্জন থাকতো। তখন মুক্তানন্দ কোন বক্তৃতা দিতেন না। যদি লোকেরা তাঁকে আধ্যাত্মিক বিষয়ে কোন প্রশ্ন করতো তখনই কেবল তিনি তার উত্তর দিতেন। তাছাড়া অধিকাংশ সময়ই তিনি মৌন থাকতেন অথবা বড় জোর ঐ দিনের কোন খবর বা জল-আবহাওয়ার সম্বন্ধে দুই-চার কথা বলতেন। তবুও যখন দর্শকরা তাঁর কাছে এসে বসতো, তারা অনুভব করতো যে তাঁর সান্নিধ্যে তাদের মন শান্ত হয়ে আসে, কোন রকম নির্দিষ্ট সঙ্কেত বা ব্যাখ্যা ছাড়াই তাদের মন ধ্যানের গভীরে ডুবে যেত। সেখানে তারা নানা রকম অন্তর আলো, গভীর প্রেমের বন্যার প্রাবল্য অথবা অন্তর দৃষ্টির দীপ্তিতে বাস্তবতার রূপ প্রভৃতির অভিজ্ঞতা লাভ করতো। ক্রমে, অন্যের উপলব্ধি লাভের কথা শুনে আশ্রমে আরও অনেক দর্শক তাঁকে দর্শন করতে আসতে লাগলো। সমস্ত শ্রেণী এবং জীবিকার লোকরাই সেখানে আসতে লাগলো। কিন্তু তাদের মধ্যে ব্যবসায়ী বৃত্তিজীবি এবং বুদ্ধিজীবির সংখ্যা বিশেষ উল্লেখযোগ্য ছিল। মুক্তানন্দের উপস্থিতিতে তাদের স্বাভাবিক সন্দেহের ঝোঁক উধাও হয়ে তারা একেবারে অভিভূত হয়ে পড়তো এবং এক অনাস্বাদিত শান্তি এবং শক্তি উপলব্ধি করতো। খবর ছড়িয়ে পড়তে লাগলো যে তাঁর সংস্পর্শে এসে লোকেদের কিরূপ বিশাল পরিবর্তন ঘটেছে - কেমন করে তাদের দুঃশ্চিন্তা দূর হল, কেমন করে তাদের বিশৃঙ্খল জীবনে শান্তি আসলো, কেমন করে যারা নিয়মিত ধূমপান এবং রঙীন পানীয় সেবন করতো তা পরিত্যাগ করেছে, কেমন করে তাদের পারিবারিক এবং ব্যবহারিক জীবন নুতন শক্তিতে নতুন পথে চালিত হল।

স্বামী নিত্যানন্দ ও স্বামী মুক্তানন্দ

১৯৬০-এর শেষ ভাগে সমগ্র পৃথিবী থেকে লোকেরা তাঁর কাছে আসতে আরম্ভ করলো, বর্তমান ভারতের অন্যতম দুর্লভ সদ্‌গুরু হিসাবে তাঁর খ্যাতিতে আকৃষ্ট হয়ে আমেরিকা, ইংল্যাণ্ড, অষ্ট্রেলিয়া, ইউরোপের মুমুক্ষুরা তাঁর কাছে আসতে লাগলো। এদের মধ্যে অনেকেই তাদের চাকুরী, পারিবারিক জীবন ত্যাগ করে মাসের পর মাস, বছরের পর বছর আশ্রমে বাস করতে লাগলো। মুক্তানন্দ বোম্বাই, দিল্লীতে বক্তৃতা দিতে আরম্ভ করলেন এবং বিদেশী শিষ্যদের ক্রমান্বয় আহ্বানে সাড়া দিয়ে ১৯৭০ সালে তিনি প্রথম পাশ্চাত্য ভ্রমণ করেন।

পাশ্চাত্য পরিভ্রমণ কালেই তাঁর বিশ্ববোধের অসাধারণ শিক্ষা স্পষ্ট হতে আরম্ভ করে যদিও তিনি অভারতীয় কোন ভাষায় কথা বলতেন না। তাঁর উপস্থিতি বিশ্বের সমগ্র দেশের হাজার হাজার লোকের মধ্যে যোগাযোগ সৃষ্টি করতো এবং প্রমাণ করতো ভারতীয় ধারার শিক্ষা ক্যালিফোর্নিয়ার বৈজ্ঞানিক-এর ক্ষেত্রে যেমন প্রযোজ্য বোম্বাই-এর অধ্যাপকের ক্ষেত্রেও তেমনি প্রযোজ্য; মিউনিখের হিসাব-রক্ষকের কাছে যতটা অর্থবহ মহারাষ্ট্রের চাষীর ক্ষেত্রেও ততটা অর্থবহ। পাশ্চাত্যের অধিবাসী ব্যক্তি যারা অন্তরে শান্তি পেতে আগ্রহী কিন্তু উপলব্ধির দ্বারা প্রমাণ করা যায় না এমন আধ্যাত্ম শিক্ষায় অতৃপ্ত, বিতশ্রদ্ধ তারাও ভারতীয় অধিবাসীদের মতন আবিষ্কার করলো যে মুক্তানন্দের উপদেশ শুধু মানসিক উন্নতি কারকই নয় প্রমাণ যোগ্যও বটে।

"প্রত্যেক মানুষের অন্তরেই ঈশ্বর বিরাজমান"- এই বাক্য স্বল্পশক্তি সম্পন্ন গুরুর কাছ থেকে আসলে কেবলমাত্র এক আধ্যাত্মিক স্বতঃসিদ্ধ বাক্য বলে মনে হয়। যে সকল ব্যক্তি অন্তর-শক্তি শক্তিপাতের ক্রিয়াশীলতায় উদ্দীপিত হয়েছে তাদের কাছে ইহা বাস্তব সত্য বলে উপলব্ধিত হয়। ভারতবর্ষ এবং পাশ্চাত্যের বিভিন্ন দেশসমূহ বহু বছর পরিভ্রমণের ফলে ভারতে এবং বিদেশে মুক্তানন্দের বহু শত ধ্যানকেন্দ্র এবং অনেকগুলি আবাসিক আশ্রম গড়ে উঠেছে। ৭৫ একর জমিতে

বাগান, মন্দির, বাসগৃহ নিয়ে তাঁর গণেশপুরীর আশ্রম একটা বিশাল আধ্যাত্মিক বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়েছে, যেখানে প্রতি সপ্তাহে হাজার হাজার লোক দর্শন করতে আসে। ভারতে ও পাশ্চাত্যে, তাঁর দ্রুতহারে বৃদ্ধিপ্রাপ্ত ভক্তের মধ্যে আছে শ্রমজীবি এবং বৃত্তিজীবি, যেমন—ডাক্তার, আইনজীবি, শিক্ষক, ইঞ্জিনিয়ার বৈজ্ঞানিক, সামরিক ও অসামরিক উচ্চপদস্থ কর্মচারী এবং কিছু রাজনৈতিক ও সিনেমা শিল্পীও যাঁরা বুঝেছেন যে এই সিদ্ধ যোগের প্রক্রিয়া একবার অনুশীলন শুরু করলে, তা অতি স্বাভাবিক ভাবেই তাদের জীবনের সাথে অঙ্গীভূত হয়ে যায়, যা তাদের কর্মজীবন, বন্ধুবান্ধব এবং পারিবারিক জীবনেও বিধৃত।

'আধ্যাত্মিক জীবন আমাদের সাধারণ দৈনন্দিন জীবন থেকে কিছু আলাদা নয়, বরঞ্চ ইহা জীবনেরই অঙ্গ' - এই বোধ - এই-ই হল মুক্তানন্দের শিক্ষার ভিত্তি। তিনি বলেন, 'সিদ্ধযোগ, আমাদের জীবনের দৈনন্দিন কাজকর্মের বাইরের কোন ব্যাপার নয়।' যে কথাটি তিনি তাঁর শিক্ষার ধারাকে বোঝাতে প্রায়ই বলে থাকেন তা হল —'স্বাভাবিক'। ঠিক যেমন দেহের বৃদ্ধি নিজে নিজেই হয়ে চলে, জোর করে বা তাড়াহুড়ো করে একে বাড়ানো যায় না। সিদ্ধযোগের অন্তর বৃদ্ধির প্রক্রিয়াও স্বতঃস্ফূর্তভাবে, ধীরে-ধীরে আত্মোপলব্ধির পথে অবশ্যম্ভাবীরূপে এগিয়ে নিয়ে যায়। শান্ত নিয়ন্ত্রিত জীবনযাত্রা, নিয়মিত ধ্যানের অভ্যাস ও মন্ত্রজপের দ্বারা এটিকে পালন করতে হয়। একবার জাগরিত শক্তি ক্রিয়া আরম্ভ করলে এই সব অনুশীলনগুলিও সহজ হয়ে আসে। সিদ্ধ যোগের একটা অন্যতম বৈশিষ্ট্য হল এটি কেবল শুধু আধ্যাত্ম অনুভূতিই উপলব্ধি করায় তা নয়, এটি একটি সুশৃঙ্খল আধ্যাত্ম জীবন যাপনের ইচ্ছাও সৃষ্টি করে। যারাই মুক্তানন্দের সংস্পর্শে এসেছে তাদের জীবনে আশ্চর্যজনক এক রূপান্তরের ঘটনা লক্ষ্য করা গেছে। এমন লোক আছে যারা মাত্র কিছুদিন মুক্তানন্দের সঙ্গ করেছে, সেই সময় যখন তারা ঘুমিয়ে থাকতো, তখন হঠাৎ জেগে উঠে ধ্যানের জন্য তীব্র বাসনা অনুভব করতো। আবার কিছু লোকের মধ্যে - যখন তারা দৈনন্দিন কাজকর্ম করছে বা রান্না করছে বা অফিসে কাজ করেছে, তাদের মনের মধ্যে মন্ত্র স্ফুরণের অনুভব করতো। কিন্তু সিদ্ধযোগের সবচেয়ে বড় উদ্দেশ্য আধ্যাত্ম কোন অদ্ভুত ঘটনা ঘটানো নয়; আধ্যাত্মিক বোধের বিকাশ, আমাদের নিজের সঙ্গে আত্মার একত্ব অনুভব করা। মুক্তানন্দ এই বই-এ কি আলোচনা করেছেন, তিনি মন্ত্রের কিরকম ব্যাখ্যা করেছেন, অপ্রয়োজনীয় মন্ত্রগুলি কিভাবে নিয়ন্ত্রণ করবে, অথবা ধ্যানকে কিভাবে জীবনের সঙ্গে মেলাবে তার ব্যাখ্যা করেছেন সেটা বড় কথা নয়, আসল মূল যেটা যা তিনি দিয়েছেন সেটা হল একত্বর উপলব্ধি। এটি নিজেই, তিনি আমাদের বলেন, সকল প্রকার ভয়ের থেকে মুক্ত করে আমাদের একের সঙ্গে অন্যের প্রকৃত সম্পর্ক সম্বন্ধে জানায়, আমাদের জীবনের উত্থান পতনের মধ্য দিয়ে চলতে সাহায্য করতে পারে, অবশেষে আমাদের আধ্যাত্মিক লক্ষ্যের পথে নিয়ে যায়। ''যখন তুমি তোমার সাধনার শেষে পৌছাবে তুমি উপলব্ধি করবে, সব কিছুই আত্মা।'' মুক্তানন্দ লিখেছেন, ''যখন এটাই ঘটনা, সেটা এখনই মনে রেখে এই সচেতনতা নিয়ে ধ্যান করো না কেন যে অন্তরে এবং বাইরে সবকিছুই যা তুমি দেখছ তাই আত্মা। কখনও কৌতুকের সঙ্গে, কখনও মিষ্টি কথায় কখনও তীক্ষ্ণ ব্যঙ্গে তিনি বার বার আমদের স্মরণ করিয়ে দিয়েছেন, আমাদের প্রকৃত পরিচয় শরীরে বা মনে নয়, আত্মার সঙ্গে, যা অসীম সৃষ্টিশীল, অসীম ক্ষমতাসম্পন্ন, অসীম আনন্দময় চৈতন্য যাহা সে জানে এবং আমাদের জানাবে যে আত্মাই হচ্ছে আমাদের মূল উপাদান ও ভিত্তিভূমি। কেবল যখনই আমরা সেই চৈতন্যকে বুঝতে পারি, তিনি আমাদের বলেন, সত্যকার মনুষ্যত্ব কি, তখনই আমরা বুঝতে পারি। কেবল যখন আমরা আমাদের অন্তরে এটিকে আবিষ্কার করতে পারি তখনই আমরা আমাদের জীবনের অর্থ বুঝতে পারি।

সেই আবিষ্কার করার প্রক্রিয়ায় আসাই হল এই বই-এর মূল উপপাদ্য বিষয়। কোথায় তোমরা চলেছ? পুস্তকটি বিভিন্ন প্রবন্ধ, প্রশ্ন উত্তর, সাক্ষাৎকার, নিয়ে রচিত হয়েছে। বিভিন্ন অধ্যায়ে রচিত হয়েছে যা আত্মজ্ঞান লাভের একটা মানচিত্র হওয়ার সঙ্গে সঙ্গে স্বামী মুক্তানন্দের মূল শিক্ষার একটা ভূমিকার রূপ নিয়েছে। এটি কেবলমাত্র সিদ্ধযোগের দর্শনকেই উপস্থিত করে তা নয়, এর প্রয়োজনীয় অনুশীলন দ্বারা সহজভাবে বুঝিয়ে দেয় যে প্রক্রিয়ার জন্যই অনুশীলন এই ভুল যেন না হয়, বরঞ্চ এটি একটি উপায় যার দ্বারা এটি আমাদের ইন্ধন যোগায় এবং এগিয়ে নিয়ে যায়, এই মনে করবে। প্রত্যেকটি অধ্যায়ে বিভিন্ন পথের বিভিন্ন দিক সম্বন্ধে আলোচনা করা হয়েছে, মূল বিষয়গুলিকে একত্রিত করে নতুন এক পথের সূচনা করে, আধ্যাত্ম পথের প্রথম অনুভূতি থেকে পূর্ণ মুক্তির স্তরে পৌছানো এবং আনন্দলাভ যা এর লক্ষ্য, সেই সবগুলি স্তরই এখানে আলোচিত হয়েছে।

...ক্রমশঃ

—বঙ্গানুবাদ শ্রীবিজন কুমার সেনগুপ্ত

নিরুক্তশাস্ত্রের দৃষ্টিতে বৈদিক দেবতার স্বরূপ আলোচনা

(৩৪)

দেবতা বিষ্ণু— (*পূর্ব প্রকাশিতের পর...*)

বিষ্ণুর তিনটি পদক্ষেপের কথা আমরা এই প্রবন্ধের প্রথমেই বলেছিলাম এবং বামন অবতারের ত্রিপাদ বিক্ষেপের পুরাণ কথা যেখান থেকেই উৎপন্ন হয়েছে বলে জানিয়েছিলাম। বিষ্ণুর তিনটি পদক্ষেপের জন্য পুরাণে তিনি ত্রিবিক্রম নামে স্তুত হয়েছেন। ঔর্ণবাভ বা যাস্ক যেভাবে এই রহস্যকে বুঝেছিলেন প্রায় সেই ভাবেই একালের যোগেশচন্দ্র বিদ্যানিধিও বুঝেছেন। অথচ পুরাণকারেরা বেদের তত্ত্ব কথা বলতে গিয়ে দুধে এতটাই জল মিশিয়ে ছিলেন যে আসল তত্ত্বটা কোথাও কোথাও অস্পষ্ট হয়ে পড়েছে। অথচ ব্যাসের বক্তব্য ছিল - 'পুরাণ পূর্ণচন্দ্রেন শ্রুতিজ্যোৎস্না প্রকাশিতা'।

সাধারণ আজকের যুগেও শাস্ত্রকথা মানে গল্প বোঝে। গল্পটা যে তত্ত্বের রূপক এটা বোঝে না। বামন অবতারের উপাখ্যান রামায়ণ, মহাভারত, বামনপুরাণ, ভাগবৎপুরাণ প্রভৃতি নানা স্থানে পাওয়া গেলেও কোথাও কোথাও কাহিনী বিন্যাসে তাদের মধ্যে সামান্য পার্থক্য আছে। বামনপুরাণে বলির কাছে বামনের ত্রিপাদভূমি প্রার্থনার কথা থাকলেও তিনটি পাদবিক্ষেপের কথা নেই।

পুরাণকথা অনুসারে ভগবান বিষ্ণু কশ্যপের ঔরসে অদিতির গর্ভে জন্মান। ব্রহ্মা বামনের উপনয়ন সংস্কার করার পরে বামন বলিরাজের যজ্ঞে উপস্থিত হলেন। বামনের আগমনের কারণ অনুমান করতে পেরেছিলেন বলি রাজার গুরু শুক্রাচার্য। তিনি বলিকে উপদেশ দিলেন যে — তিনি যেন এই খর্বাকার বামনকে সামান্যতম জিনিসও না দেন। অথচ বামন উপস্থিত হবার পরে বলিরাজ পাদ্য অর্ঘ্য দিয়ে তাঁর অর্চনা করে তাঁকে দান করার প্রতিজ্ঞা করলেন। বামন তখন রাজাকে বললেন - "হে মহারাজ! অগ্নিরক্ষার জন্য আমাকে পদত্রয় ভূমি দান করুন।" বলি বামনকে ত্রিপাদ ভূমি দিলে বামন তার বিশ্বব্যাপক বিরাটরূপ প্রকটিত করে লোকত্রয় জয় করে তা আবার ইন্দ্রকে দিলেন। বলিকে তিনি পৃথিবীর নিম্নতম দেশে সুতলে প্রেরণ করেছিলেন।

বামনপুরাণে ত্রিপাদ বিক্ষেপের কথা নেই কেবল তিনটি অগ্নি রক্ষার স্থানের কথা বলা হয়েছে। অথচ ভাগবৎ পুরাণে ত্রিপাদ বিক্ষেপের সুন্দর গল্প পাওয়া যায়। ভাগবতের গল্পে আখ্যানের নাটকীয় বিস্তার আছে এবং তাৎপর্য নাটকীয়তার মধ্যে নিহিত হয়েছে। এই আখ্যানের সঙ্গে মহাভারতের খিল অংশ হরিবংশপুরাণের অনেক মিল। এই আখ্যানে সাক্ষাৎ যজ্ঞধর্মীতার কথা পাওয়া যায় না।

বামন পুরাণের আখ্যানে যজ্ঞধর্মীতা স্পষ্ট এবং সূর্য ও অগ্নির সঙ্গে বিষ্ণু ও বামনকে এক করার প্রক্রিয়াটি বুঝিয়ে বলার অপেক্ষা রাখে না। বৈদিক তত্ত্বের আলোচনা থেকে আমরা বুঝেছি তিন অগ্নি হলেন - আহবনীয়, গার্হপত্য ও দক্ষিণাগ্নি। পৃথিবীর যজ্ঞস্থলে যেমন প্রধান ভাবে এই তিন অগ্নির অবস্থান তেমনি পৃথিবীলোক, অন্তরীক্ষ-লোক ও দ্যুলোকেও তিন নামে তিন অগ্নির অবস্থান। অগ্নি পৃথিবীতে পার্থিবাগ্নি রূপে বিরাজ করেন, দ্যুলোকে বৈদ্যুতাগ্নিরূপে এবং অন্তরীক্ষে সূর্যাগ্নিরূপে প্রকাশমান। এই তিন স্থানের অগ্নিরা আবার সূর্যেরই বিভূতি অর্থাৎ সেই এক সূর্যই স্থানত্রয়ে বিরাজিত। এই সূর্য বিষ্ণুকেই বেদে ব্রহ্ম হিসাবে অভিহিত করা হয়েছে -'অসৌ আদিত্য ব্রহ্ম' তাই বলছিলাম বামন অবতার ও ত্রিপাদভূমিতত্ত্ব সূর্যবিষ্ণু তত্ত্বেরই লৌকিক বা পৌরাণিক রূপক।

আমরা বর্তমান প্রবন্ধেই বলেছি বিষ্ণুর পদবিক্ষেপ তিন বা চার এই বিষয়ে একটা যে প্রশ্ন উঠেছিল কিন্তু এর মধ্যে বিশেষ জটিলতা ছিল না, কারণ উত্তরায়ণের বিষুববিন্দু ও দক্ষিণায়নের বিষুব-বিন্দুকে এক ধরলে চারের তিনের মধ্যেই গতার্থতা হয়। অথর্ববেদের মন্ত্রে (অথর্ব ১৯/১/৬/১-১৩) কিন্তু বিরাট পুরুষের অর্থাৎ সহস্রশীর্ষ, সহস্রবাহু পুরুষের তিনটি পাদবিক্ষেপই ঘটেছে আকাশে এবং চতুর্থপাদে তিনি ভুবনব্যাপ্ত হয়েছেন। আকাশে ব্যাপ্ত তিনটি জ্যোতির্ময় পদকে এখানে অমরণধর্মা বলা হয় আর চতুর্থ পাদের দ্বারা ভুবন ব্যাপ্ত করার কথা বলা হয়। অথর্ব মন্ত্রটির বক্তব্য - তিন পদক্ষেপে তিনি আকাশে আরোহণ করেন, চতুষ্পাদে আবার তিনি পৃথিবীতে ফিরে আসেন। এই তিন পদের দ্বারা মানুষ ও অন্যান্য প্রাণী (অশনা) এবং দেবতা ও বৃক্ষদের (অনশনা) লক্ষ্য করে বিশ্বব্যাপ্ত হন। আকাশের তিন স্থানে সূর্যের অবস্থান তিনপদ আর সূর্যকিরণ বা অগ্নিরূপে পৃথিবীতে ব্যাপ্ত হয়েছে চতুর্থপদ।

বিষ্ণুর ত্রিপাদকে উত্তরায়ণ, দক্ষিণায়ন ও বিষুববিন্দু হিসাবে ব্যাখ্যার ধারা কি রকম ছিল সে সম্পর্কে আমরা বিস্তৃত আলোচনা করেছি। কিন্তু ত্রিপাদ যে সূর্যের আহ্নিক গতির তত্ত্বও হতে পারে এমন মতবাদও প্রচলিত আছে।

ডক্টর যোগিরাজ বসু তাঁর India in the Age of Brahmanas গ্রন্থে (১৯১ পৃঃ) বলেছেন — বামন হলেন মধ্যদিনের সূর্য। প্রাতঃ মধ্যাহ্ন ও সায়াহ্নে প্রতিদিন সূর্যের অবস্থান হল ত্রিপাদক্ষেপ। বিষ্ণুর মাঝের পা-টি ক্ষুদ্র কারণ সূর্য যখন মধ্যমাকাশে অবস্থান করেন তখন তাঁকে ক্ষুদ্র দেখায়। প্রাতঃকালে ও সায়াহ্নে সূর্য অপেক্ষাকৃত বড়। মধ্যমাকাশে অবস্থানই ক্ষুদ্র পদবিক্ষেপ। *...ক্রমশঃ*

— অধ্যাপক ডক্টর উদয় চন্দ্র বন্দ্যোপাধ্যায়

শ্রীশ্রীমায়ের সৎসঙ্গ

২০১৮ সালের জন্মাষ্টমীর পূর্বে পয়লা সেপ্টেম্বর, শনিবার, শ্রীশ্রীমা তাঁর ঘরে বসে চা পান করতে করতে বললেন, “জান

তো হিরণ্যগর্ভ এখন প্রথম সারির আধ্যাত্মিক পত্রিকা হয়ে গেছে।” শ্রীশ্রীমা যেভাবে অক্লান্ত পরিশ্রম করে সুগভীর চিন্তা ও মনন দ্বারা পত্রিকাটি প্রকাশ করার জন্য পরিচালনা করেন সেটি না দেখলে বিশ্বাস করা যায় না। এই পত্রিকাটিতে যেভাবে ভারতবর্ষের বিভিন্ন সম্প্রদায়ের মহাত্মাগণের সুকর্ম ও তাঁদের আদি সত্তাটিকে উদ্ভাসিত করেন শ্রীশ্রীমা, সেটি সম্ভব একমাত্র অন্য আর একজন সত্যে প্রতিষ্ঠিত মহাত্মার পক্ষে। এই কারণেই পত্রিকাটি একদিকে মনোগ্রাহী, সুচিন্তিত ও সুললিত। শ্রীশ্রীমা বললেন, “গত ২৬ তারিখে (২৬/৮/১৮) যে সৎসঙ্গ করলাম, সেখানে কি বলব, পূর্বদিন পর্য্যন্ত ঠিক ছিল না; শেষে ভাবলাম যাক্ ভগবান মুখ দিয়ে যা নির্গত করাবেন তাই বলব। শুরু করলাম প্রেম দিয়ে, ‘বিনা প্রেম সে নাহি মিলে নন্দলালা’ — এই কথাটা দিয়ে শুরু করলাম। দেখো সাধারণতঃ সাধনার কথা বলতে গেলে নীচ থেকে ধীরে ধীরে ধাপে ধাপে ওঠার কথা বলি কিন্তু সেদিন একেবারে প্রেম অর্থাৎ উত্তম উৎকর্ষতা থেকে সাধনার উচ্চ হতে উচ্চতর স্তরে যাওয়ার কথা বললাম, আর সেটা বলতে গেলে যেটা এসে পড়ে সেটা হোল ‘প্রেম’। ‘প্রেম’ আসে পরমবৈরাগ্য হতে; যখন মায়িক জগতের সমস্ত কিছু হতে মন বিচ্ছিন্ন হয়ে শুধু সেই পরমের প্রতি ধাবিত হয় এবং পরমকে পাবার আকাঙ্ক্ষা হৃদয়ে তীব্র হতে তীব্রতর হয় তখন হৃদয়ের প্রবল সংবেগে স্ফুরিত হয় প্রেম। দেখো, যিনি সেই পরাসম্বিতময় সৎচিৎ ‘যোগ’ অবস্থা হতে স্পন্দিত চৈতন্যশক্তি রূপী ব্রহ্মাণ্ডে জগৎ সৃষ্টি করলেন, তিনি একদিকে যেমন প্রকৃত ‘যোগ’ অবস্থা প্রদান করলেন তেমন অন্যদিকে তিনি বিয়োগও দিলেন। এই বিয়োগের মধ্যেও যোগ লুক্কায়িত আছে। বিয়োগ অবস্থা আছে বলেই যোগ আছে। মন বিয়োগে থাকতে থাকতে আকুলতায় সত্যের অনুসন্ধান দ্বারা চেতনার পথে অগ্রসর হতে চায় এবং সেই অবস্থায় সে গুরুর সন্ধান খুঁজে পায়। গুরু তাকে অন্ধকার থেকে আলোর পথে চালিত করেন অর্থাৎ সত্তা বিয়োগ থেকে যোগের পথে উন্নীত হোল। এবার সেই অন্তরের আলো তাকে তাঁর দিকে আকর্ষিত করেন তাঁর নিজের আকর্ষণ শক্তিদ্বারা, কারণ তিনি সঙ্কর্ষণরূপী শ্রীকৃষ্ণ, বাসুদেব। এই সঙ্কর্ষণরূপী কৃষ্ণশক্তি তখন চিত্তকে আত্মজ্যোতির দিকে ধাবিত করায়, যিনি আত্মস্বরূপে রাম অর্থাৎ আত্মারাম হয়ে স্থিত রয়েছেন প্রত্যেক জীবসত্তায়। বলরাম শক্তি বা আত্মগুরুশক্তি জীবসত্তায় কর্ষণ করেন অর্থাৎ সাধন কর্ষণ শক্তিরূপে বিরাজ করেন, তাই তাঁর হস্তে বিরাজ করে ‘হল’। কৃষ্ণরূপী সঙ্কর্ষণ শক্তি সত্তাকে আত্মজ্যোতির পানে আত্মায় আকর্ষিত করেন; বলরামরূপী কর্ষণ শক্তি সত্তাকে সাধনার পথে উত্তোলিত করেন উন্নত চেতনায়, তারপরে ধীরে ধীরে উত্তোলিত করেন আত্মজ্যোতিরূপ আলোক সাগরে যেখানে সত্তা আত্মারামকে লব্ধ হয়।

এই সবটাই ‘প্রেম’ বিনা হয় না। সত্তা মধ্যে পরা বৈরাগ্যের অনল প্রজ্জ্বলিত হলে তবেই প্রেম ও ভক্তি জাগ্রত হবে। সেই প্রেমই হোল সাধনার সর্ব-উৎকর্ষতার চরম প্রকাশ। আত্মারূপী রাম হলেন শান্ত স্থির অবস্থা। সেইজন্য দেখবে রামনাম করলে মন খুব শান্ত হয়। শ্রীকৃষ্ণ মাধুর্য্যে ভরা, সর্বাঙ্গ সুন্দর তাঁর অবস্থিতি। তাঁর সেই মাধুর্য্য দিয়ে তিনি সকলকে আকর্ষণ করেন। আত্মা-পরমাত্মার সাম্য হলেই তখন সত্তায় প্রেমের প্রস্রবণ নামে সেই দিব্য হতে।”

শ্রীশ্রীমা এত সুন্দর সহজভাবে একটি কঠিন বিষয়কে বোঝালেন, শুনে মনটা ভরে গেল, তাই যতটা ধরতে পেরেছি লিপিবদ্ধ করলাম।

—মাতৃচরণাশ্রিতা শ্রীমতী অদিতি মুখোপাধ্যায়

—জয় মা—

আশ্রম সংবাদ

১০ - ১৯শে অক্টোবর — আশ্রমের ২৭-তম নবরাত্রি ব্যাপী দুর্গাপূজা অনুষ্ঠিত হয়। নিত্য পূজা, যজ্ঞ ও ভোগ-প্রসাদ বিতরণের কর্মসূচী অতি সুষ্ঠভাবেই সম্পন্ন হয়। পঞ্চমীর দিন সকালে শ্রীশ্রীমা পাঁচশতরও অধিক গ্রামবাসীকে বস্ত্রবিতরণ করেন। বস্ত্রের সঙ্গে দেওয়া হয় মিষ্টি ও বিস্কুটের প্যাকেট। সন্ধ্যায় মন্দিরে অপূর্ব এক সাংস্কৃতিক অনুষ্ঠানে পণ্ডিত শ্রীগিরিধারী নায়েকের 'ওড়িসি আশ্রমের' শিক্ষার্থীদের দ্বারা এক মনোগ্রাহী নৃত্যানুষ্ঠান পরিবেশিত হয়। হিরণ্যগর্ভের পূর্ববর্তী সংখ্যাটিও প্রকাশিত হয় এইদিন সন্ধ্যায়। সপ্তমীর দিন সন্ধ্যায় নৃত্য প্রদর্শন করেন শিশু শিল্পী সমাদ্রিতা বসু, বিদিশা সাহা ও শ্রদ্ধা দাসগুপ্ত। এরপর শ্রুতিমধুর সঙ্গীত পরিবেশন করেন শ্রীশ্রীমা ও গুরুভ্রাতা-ভগিনীগণ। মহাষ্টমী তিথিতে শ্রীশ্রীশ্যামাচরণ লাহিড়ীবাবার তিরোধান তিথি উপলক্ষ্যে ভাণ্ডারার আয়োজন করা হয়। অগণিত ভক্ত প্রসাদ গ্রহণ করেন। নবমী তিথিতে দ্বিপ্রহরে অগণিত ভক্তজন মধ্যে শ্রীশ্রীদুর্গা দেবীর মহাপ্রসাদ বিরতণ করা হয়।

২৪শে অক্টোবর — শ্রীশ্রীকোজাগরী পূর্ণিমার সন্ধ্যায় শ্রীযজ্ঞনারায়ণদার পৌরহিত্যে অত্যন্ত সুষ্ঠভাবে সম্পন্ন হয় শ্রীশ্রীলক্ষ্মী-জনার্দ্দনজীউর আরাধনা ও যজ্ঞ।

৪ঠা নভেম্বর — এইদিন সকালে শ্রীশ্রীমা বস্ত্রাদি বিতরণ করেন অগণিত দুঃস্থ ও দরিদ্র গ্রামবাসীর মধ্যে। বস্ত্রের সঙ্গে প্রত্যেককে একটি করে মিষ্টি ও বিস্কুটের প্যাকেট দেওয়া হয়।

৬ই নভেম্বর — দীপাবলীর সন্ধ্যায় বিভিন্ন রঙের বাতির আলোকে ও রঙ্গোলিতে সজ্জিত হয়ে উঠেছিল আশ্রম। অমানিশার মধ্যরাত্রে শ্রীশ্রীমা নিজে আশ্রমে প্রতিষ্ঠিত দেবী তারাকালিকার পূজা করেন।

১৭ই নভেম্বর — এইদিন জগদ্ধাত্রী পূজা উপলক্ষ্যে শ্রীশ্রীঅন্নপূর্ণা মন্দিরে ভোগ নিবেদিত হয়।

২৩শে নভেম্বর — রাসপূর্ণিমার দিন শ্রীশ্রীরাধামাধবের ভোগ নিবেদন ও প্রসাদ বিতরণ হয় দ্বিপ্রহরে। সন্ধ্যায় অপূর্ব ভজন পরিবেশন করেন স্বয়ং শ্রীশ্রীমা।

২৫শে নভেম্বর — এইদিন শ্রীশ্রীমা শীতবস্ত্র ও কম্বল বিতরণ করেন বহু দুস্থ গ্রামবাসীর মধ্যে। এইদিন সন্ধ্যায় অখণ্ড মহাপীঠ আশ্রমের বার্ষিক সাধারণ সভা আয়োজিত হয়।

১লা-৮ই ডিসেম্বর — এইকয়দিন শ্রীশ্রীমা বারাণসীর আশ্রমে অতিবাহিত করেন। বারাণসী অবস্থানকালে একদিন শ্রীশ্রীমা নৈমিষারণ্যে গিয়েছিলেন।

১৫ই - ১৬ই ডিসেম্বর — ১৫ই ডিসেম্বর অষ্টমী তিথির প্রভাতে ভক্তনিবাস ও অন্নপূর্ণাক্ষেত্র প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে পূজা ও প্রসাদ বিতরণ করা হয়। এইদিন শ্রীশ্রীমা নিজহস্তে

শিশুদের প্রসাদ পরিবেশন করেন। সন্ধ্যায় এক সুন্দর ভক্তিগীতির অনুষ্ঠান হয়। ১৬ই ডিসেম্বর সকালে লক্ষ্মীজনার্দ্দনজীউদেবের পূজার্চ্চনা ও প্রসাদ বিতরিত হয়।

২৫শে ডিসেম্বর — এইদিন সন্ধ্যায় আধ্যাত্মিক সভার ২৯তম পর্বে কঠোপনিষদ্ প্রসঙ্গে বক্তব্য রাখলেন শ্রীশ্রীমায়ের সন্তান ডাঃ বরুণ দত্ত।

২৮শে ডিসেম্বর — শ্রীশ্রীসারদা মায়ের আবির্ভাব তিথি উপলক্ষ্যে এইদিন আশ্রমে বহু ভক্ত সমাগম হয়। শ্রীশ্রীমাকে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করে হোটরের 'মহিলা ও শিশু' আশ্রমের মেয়েরা। আশ্রমের গুরুভ্রাতা ও ভগিনীগণ একটি শ্রুতিমধুর সঙ্গীতানুষ্ঠান পরিবেশন করেন। হোটর আশ্রমের শিশুশিল্পীরা একটি মনোগ্রাহী সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে দর্শকদের আনন্দ প্রদান করে। দ্বিতীয় পর্য্যায়ে, শ্রীঅভয়-কন্যা পরিপূর্ণা দেবী অপূর্ব অভয়-গান পরিবেশন করেন।

৩০শে ডিসেম্বর — এইদিন সকালে সৎসঙ্গে শ্রীশ্রীমা স্বয়ং ক্রিয়াযোগ ও আধ্যাত্মিক বিজ্ঞানের উপর প্রবচন দেন।

विष्णु अवतार दत्तात्रेय भगवान

श्रीश्रीमाँ सर्वाणी

ब्रह्मा के मानसपुत्र महर्षि अत्रि के अन्यतम तनय थे 'दत्त'। दत्त की माता थी अनसूया देवी। वे अतिशय साध्वी थी। महर्षि अत्रि ने पुत्र की इच्छा से वैकुंठाधिपति नारायण की उपासना की, उनकी उपासना से सन्तुष्ट होकर श्रीभगवान नारायण ने दर्शन देकर उसे कहा, ''मैं पुत्ररूप में तुम्हारा दत्त हुआ''। इसीलिए अत्रि महर्षि के पुत्र 'दत्तात्रेय' नाम से ख्यात हुए। दत्तात्रेय विष्णु के छठे अवतार थे। उनकी माता अनसूया देवी सतीयों में श्रेष्ठ थी।

महर्षि अत्रि की स्त्री अनसूया देवी के सतीत्व की परीक्षा करने के लिए एकबार ब्रह्मा, विष्णु और महेश्वर अत्रि आश्रम में आये। त्रिदेव साधु ब्राह्मण के वेश में थे। देवी अनसूया जब पाद्य अर्घ्य एवं आचमन करने आयी तो उन्होंने उसे स्वीकार नहीं किया एवं जिद्द किया कि अनसूया देवी अपने शिशु पुत्र के सदृश उनके साथ आचरण करे, यह सम्भव होने पर ही वे पाद्य-अर्घ्य स्वीकार करेंगे। तपोतेजोमयी सती उनके कपट को समझ गई एवं तब उन्होंने त्रिदेव के शरीर पर निज स्वामी के पादोदक छिड़ककर कहा, 'बाल भव'; तत्क्षणात् त्रिदेव छः महीने के शिशुओं में परिणत हो गये। तब देवी अनसूया अपनी क्रोड़ में लेकर उन्हें स्तनपान कराने लगी। अनसूया के इस अद्‌भुत अपूर्व महिमा से त्रिदेव ने मुग्ध होकर वर देना चाहा इस पर देवी अनसूया ने त्रिदेव को ही पुत्र रूप में प्राप्त करने का वर मांगा। इसप्रकार ब्रह्मा के अंश से सोम, विष्णु के अंश से दत्तात्रेय और महेश्वर के अंश से दुर्वासा ने जन्म ग्रहण किया। अग्रहायण पूर्णिमा को दत्तात्रेय का जन्म हुआ।

शैशव से ही दत्तात्रेय तपस्या में मग्न रहते थे। योगशास्त्रवेत्ता के रूप में दत्तात्रेय की ख्याति चहुँ ओर फैल गई। भारत के उत्तरी क्षेत्र से दक्षिण पर्यन्त उनके तीर्थ देखे जाते हैं। दत्तात्रेय ने अनेक मुनियों, ऋषियों, सुरों तथा असुरों को आत्मविद्या की शिक्षा प्रदान की, उनमें प्रमुख हैं सहस्रार्जुन, अलर्क, प्रह्लाद, भार्गव, परशुराम, यदु और हैहयराज कार्तवीर्यार्जुन। कार्तवीर्यार्जुन ने दत्तात्रेय ऋषि के कल्याण से चार विशेष वर प्राप्त किए। इस वरदान के प्रभाव से उन्होंने युद्धक्षेत्र में सहस्र बाहुधारीरूप एवं अन्य समय में द्विबाहु होने की क्षमता प्राप्त की, एक ही साथ समग्र पृथ्वी को जय करने की शक्तिलाभ करने का वर प्राप्त किया। उनका तृतीय वर था धर्मराज्य की स्थापना और प्रतिपालन का वर, इसके अतिरिक्त उन्होंने उद्धत ना होने के आशीर्वाद के लिए प्रार्थना की। दत्तात्रेय के वरदान से कार्तवीर्यार्जुन, पृथु, नहुष प्रमुख श्रेष्ठ राजन्यवर्ग के समतुल्य होकर महाभारत के वनपर्व में कथित हुए। नृपति नहुष ने दत्तात्रेय की कृपा से जन्मग्रहण किया।

दत्तात्रेय भगवान

विष्णु ने दत्तात्रेय अवतार रूप में यज्ञ क्रिया सहित समस्त वेदों का प्रत्यानयन किया। महर्षि दत्तात्रेय ने 'अवधूत गीता' का प्रणयन किया। भगवान विष्णु के अंशावतार होने के फलस्वरूप वे जन्म से ही सिद्ध थे। उनकी सत्ता के भीतर सत्त्वगुणों की ग्राह्य शक्ति इतनी तीव्र थी कि सृष्टि के अणु-परमाणु में वे कोई ना कोई शुद्धगुण खोज लेते थे।

दत्तात्रेय के मध्य गुरु बिना ही ज्ञानालोक प्रकाशित हुआ था। दत्तात्रेय ने घोषणा की थी कि उन्हें आत्मचेतना का अनुभव हो गया है, वे स्वयं ही अपने गुरु हो जाते है। भगवत्सत्ता के क्षेत्र में यह सम्भव है, अन्य के संबंध में नहीं है। भगवत्सत्ता को आत्मज्ञान प्राप्ति के लिए अन्य गुरु की आवश्यकता नहीं होती। परमब्रह्म के प्रतिभू होने के कारण उनके मध्य ज्ञान स्वतः सिद्ध होता है। महर्षि अत्रि के तीन पुत्रों के मध्य दत्तात्रेय बाल्यकाल से ही ज्ञान और वैराग्य सम्पन्न थे। जब वे वयस्क हुए तब चरम परा-वैराग्य होने के कारण ये कभी वनों-जंगलों तो कभी पर्वतों पर विचरण करने लगे। कभी शून्य देवालयों में जाकर वे ध्यानावस्थित रहते। एकदिन दत्तात्रेय अपने मन और भाव में मग्नानन्द में

विभोर होकर हाथी के सदृश चले जा रहे थे।

उन्हें इस प्रकार विभोर एवं परमानन्द में लीन देखकर एक राजा ने उन्हें जिज्ञासा किया कि, ''आपको ऐसी कौनसी वस्तु प्राप्त हुई है कि जिस कारण से आप इतने विभोर एवं आनन्दमय रहते हैं?'' (अर्थात्, ऐसा आनन्द आपने किस गुरु से प्राप्त किया?) राजा के इस प्रश्न को सुनकर भगवान दत्तात्रेय ने कहा, –''सर्वजनों की गुरु तो अपनी आत्मा ही होती है कारण प्रत्यक्ष एवं अनुमान स्वरूप अपने आत्मज्ञान से ही सर्वजन कल्याण को प्राप्त होते है।'' दत्तात्रेय ने पुन: कहा,''हे राजन्! मैंने किसी एक मनुष्य को गुरु नहीं बनाया, मैंने किसी से भी कान में फुँक देकर कोई मंत्र नहीं लिया। किन्तु जिसके जिसके मध्य जो-जो सद्‌गुण मेरी बुद्धिदीप्त दृष्टि के दृष्टिगोचर हुए, उन-उन गुणों को ही मैंने अपने स्वभाव में धारण किया है, इस कारण से वे समस्त ही मेरे गुरु हैं। इस प्रकार २४ जनों से आपने जो-जो २४ गुण प्राप्त किए हैं उनके नाम कृपया आप मुझे बताइए तथा उनसे आपने कौन से गुण ग्रहण किए है उस विषय पर विस्तार से प्रकाश डालिए जिसे मुझे भी सम्यक ज्ञान लाभ हो।'' दत्तात्रेय ने तब राजा को जिज्ञासु जानकर कहा, ''हे राजन्! तुम एकाग्र होकर श्रवण करो सर्वप्रथम मैं उन २४ गुरुवरों के नाम बोलूँगा एवं तत्पश्चात् उनके गुण विषयों का वर्णन करूँगा। मेरे २४ गुरु हुए – (१)पृथ्वी (२)जल (३)अग्नि (४)वायु (५)आकाश (६)चन्द्रमा (७)सूर्य (८)कपोत (९)अजगर (१०)सिन्धु (११)पतंग (१२)भ्रमर (१३)मधुमक्खी (१४)गज (१५)मृग (१६)मीन (१७)पिंगला (१८)कुरर पक्षी (क्रौंच) (१९)बालक (२०)कुमारी (२१)सर्प (२२)शरकृत् (२३)मकड़ी (२४)भृंगी (स्त्री भ्रमर)।

इन २४ गुरुओं से मैंने एक-एक गुण ग्रहण किया है वे गुण इस प्रकार है : (१)पृथ्वी – दत्तात्रेय ने कहा कि क्षमा एवं परोपकार इन दोनों गुणों को मैंने पृथ्वी से ही प्राप्त किए है। (२) जल – जल से उन्होंने स्वच्छता और माधुर्य स्वभाव को पाया है। (३) अग्नि – मनुष्य की जिसकी जितनी क्षमता उतना ही ग्रहण करना चाहिए जैसे अग्नि का अपना उदर ही पात्र है; उस पात्र में उसकी जितनी क्षमता उतना ही वे संचय करती है। उससे अधिक संग्रह का प्रयोजन नहीं है। (४) वायु – जैसे वायु निरन्तर चलती बहती है किन्तु किसी पदार्थ से आसक्त नहीं होती। मनुष्य के लिए भी यह व्यवहार ही पाथेय है या करणीय है। अधिक भोगेच्छा नहीं करनी चाहिए। (५)आकाश – जैसे आकाश में सूर्य, चन्द्र तारागण, वायु आदि रहते हैं किन्तु आकाश की किसी वस्तु के साथ भी इन समस्त का संबंध नहीं रहता, आकाश सर्वदा असंग रहता है। आकाश व्यापक एवं असंग जैसे सत्ता में आत्मा असंग एवं व्यापक। देह के साथ आत्मा का कोई संबंध नहीं है एवं संसार में रहने पर भी आत्मा किसी से भी लिप्त नहीं होती। इसीलिए दत्तात्रेय ऋषि ने उन्हें अपना गुरु माना। (६) चन्द्रमा – दत्तात्रेय ने राजा से कहा, ''जैसे चन्द्रमा सर्वकालों में एकरस रहता है, छोटा या बड़ा नहीं होता, वह पूर्ण ही रहता है किन्तु पृथ्वी की छाया पड़ने से उसका ह्रास और वृद्धि समझी जाती है। किन्तु उसके स्वरूप में कभी भी ह्रास और वृद्धि नहीं होती ठीक वैसे ही आत्मा भी पूर्ण रहती है। आत्मा की ह्रास और वृद्धि नहीं है, वह चन्द्रमा के सदृश सर्वकाल में एकरस है। (७) दत्तात्रेय के सप्तम गुरु है सूर्य। जिस प्रकार सूर्य अपने किरणों के माध्यम से पृथ्वी के तलदेश से जल को खींचता हैं फिर समयानुसार उसका परित्याग भी कर देता है उसी प्रकार विद्वान पुरुष को भी निज इन्द्रियों द्वारा विषय ग्रहण कर फिर उनका त्याग करना पड़ता है। (८) कपोत – दत्तात्रेय के अष्टम गुरु हैं कपोत। स्नेह मनुष्य के मृत्यु का कारण बन जाता है यही कारण मनुष्य को स्नेह का त्याग करना होगा। एकबार दत्तात्रेय ने देखा, वन के मध्य एक वृक्ष के ऊपर एक कपोत एवं कपोतिनी रहते थे। उस वृक्ष पर ही उन्होंने घोंसला बनाया तथा कुछ समय के पश्चात् कपोतिनी ने कुछ बच्चों को जन्म दिया। जब वह कपोत शिशु कुछ बड़े हुए तो वृक्ष के नीचे उतरकर खेलने लगे। एक दिन वहाँ व्याध आया; कपोत शिशुओं को खेलते हुए देखकर उसने जाल बिछाया और उन्हें पकड़ लिया; यह देखकर कपोतिनी ने सोचा 'जिसके सन्तान-सन्तति की मृत्यु हो जाती है उसका मरना ही अच्छा है।' यह सोचते हुए कपोतिनी उस जाल के मध्य स्वेच्छा से गिर गयी एवं व्याध ने उसे भी अपनी गिरपत में ले लिया। यह सब देखते हुए स्नेह के वशीभूत होकर कपोत ने भी कपोतिनी की गति प्राप्त की। स्नेह वशत: व्याध के हाथों से समस्त जनों की मृत्यु हो गई।'' यह कहानी विवृत कर दत्तात्रेय ने राजा से कहा, ''मनुष्य के

जन्म और मरण का कारण ही है स्नेह। यही कारण है कि वीतरागी मनुष्य को स्नेह को त्याग करना होगा, यही है मोक्ष का साधन।'' (९) अजगर – जैसे अजगर एकस्थान पर एक ही भाव में पड़ा रहता है एवं अपने भोजन के लिए भी यत्नवान नहीं होता, जो कुछ भी दैवयोग से मिल जाता है उसी में संतुष्ट रहता है, उससे अधिक इच्छा कभी नहीं करती, संग्रह भी नहीं करता। उसी प्रकार सन्यासी को भी ईश्वर में विश्वास स्थापन कर जो कुछ प्राप्ति होती है उसी में सन्तुष्ट रहना होगा। (१०) सिन्धु – जैसे समुद्र में अनेक नद-नदियों का जल आकर सम्मिलित होने पर भी समुद्र चलायमान नहीं होता, सिन्धु कभी भी अपनी मर्यादा का लंघन नहीं करता उसी प्रकार सन्यासी का मन भी अनेक भोग्य विषयों को सम्मुख देखने पर भी चंचल नहीं होता। जो प्रकृत सन्यासी होते है वे सर्वदा अपनी मर्यादा में अटल रहते है। सिन्धु का यही महान गुण दत्तात्रेय ने ग्रहण किया था। इसके बाद दत्तात्रेय ने राजा से कहा,''हे राजन्! (११) पतंगा (१२) भ्रमर (१३) मधुमक्खी (१४) गज (१५) मृग एवं (१६) मीन ने सभी इन्द्रियज ग्राह्य विषयों के प्रति आसक्त होकर अपने-अपने प्राणों से हाथ धो बैठते है या प्राणों का विसर्जन दे देते हैं। इसी कारणवश मनुष्य को इन्द्रियादि द्वारा ग्राह्य विषयों के प्रति आसक्त ना होकर इन सब के प्रति वैराग्यधारण कर अपनी दुर्गति से त्राणलाभ करना होगा। जैसे पतंगा दीपक से मोहित हो कर अग्नि में प्राण विसर्जन कर देता है वैसे ही पुरुष यदि स्त्री के रूप पर मोहित एवं आकर्षित हो जाता है तो उसका मुक्ति का पथ रुद्ध हो जाता है। जिस प्रकार भ्रमर कमल की गंध से प्रभावित होकर कमल में ही बद्ध हो जाता है वैसे ही वासना के कारण मनुष्य स्वयं ही संसार में लिप्त हो जाता है जिसके फलस्वरूप मुक्ति का पथ रुद्ध हो जाता है। जैसे मधुमक्खी कठिन श्रम द्वारा अपने घर का निर्माण कर उसमें मधु का संचय करती रहती है किन्तु स्वयं उसका लाभ उठा नहीं पाती, अन्य जन उसका लाभ उठाते है एवं मधु संग्रह उसके मृत्यु का कारण बनता है। उसी प्रकार सन्यासी को भी संग्रह की वृत्ति से दूर रहना वांछनीय है।'' इस प्रकार जीवों के स्वभाव के उदाहरण के माध्यम से दत्तात्रेय भगवान ने राजा को मोक्ष प्राप्ति का उपदेश प्रदान किए।

अब दत्तात्रेय ने अपने (१७) वे गुरु पिंगला का कथा राजा को सुनाई। उन्होंने कहा, ''हे राजन्! निराशा के गुण को मैंने एक वैश्या से सीखा है। एक जगह में पिंगला नाम की एक वैश्या रहती थी। वह अपने ग्राहकों के लिए श्रृंगार कर खिड़की से देखती थी। एकदिन उस के निकट जब कोई ग्राहक नहीं आया तो वह अशान्त हृदय से निराश होकर अपने कर्म के प्रति आत्मग्लानि से भर उठी। ठीक इसी प्रकार संसारी मनुष्य अपने इप्सित भोग्य सामग्री प्राप्त ना होने पर निराश होकर 'भोग से सुख नहीं होता' ऐसा बोध कर आत्मज्ञान के पथ पर अग्रसर होने लगता है, तब उसे सच्चे सुख का संधान मिलता है। (१८) कुरर पक्षी – उस पक्षी से दत्तात्रेय ने भोग त्याग से सुख प्राप्ति की शिक्षा प्राप्त की। (१९) बालक – दूध पीकर बालक चिन्तारहित होकर जैसे सो जाता है, ठीक वैसे ही भिक्षा से जो कुछ प्राप्त होता है उसे खाकर सर्वप्रकार की चिन्ताओं से मुक्त होकर सन्यासी चैन की नींद सोता है। चिन्ता रहित रहने का गुण दत्तात्रेय ने बालक से प्राप्त किया था। (२०)कुमारी – अकेला नि:संग रहने के गुण की दत्तात्रेय ने एक कुमारी कन्या से शिक्षा प्राप्त की। ध्यान-सिद्ध होने के लिए सन्यासियों को सर्वदा अकेला अवस्थान करना उचित है। (२१) सर्प – जैसे सर्प अपना घर (बिल) निर्मित नहीं करता, प्रकृतिज घर में ही निवास करता है उसी प्रकार सन्यासियों को भी निज आलय तैयार करना उचित नहीं है जिसे कि घर के प्रति उसका मोह ना जन्म ले पाये। वे सार्वजनिक मंदिरों, देवालयों एवं गुफा में निवास करते है। (२२) शरकृत – मन को एकाग्र करने की शिक्षा दत्तात्रेय ने एक शरकृत अर्थात् बाण निर्माता से प्राप्त की। बाण को सीधा कर निर्माण करने एवं लक्ष्यभेद करने में जो एकाग्रता का प्रयोजन होता है उसी प्रकार की एकाग्रता प्रत्येक योगी हेतु प्रयोजनीय है। ब्रह्मविद्या साधनकाल में ध्यान-योग में योगी को एकाग्रता का अवलम्बन करना पड़ता है। (२३) जिस प्रकार मकड़ी अपनी लार निर्गत कर जाल बुनती है और उसी जाल में आबद्ध हो जाती है ठीक वैसे ही मनुष्य भी अपने संकल्पों विकल्पों से निर्मित इस जगत् में स्वयं ही आबद्ध हो पड़ता है।'' संकल्प विकल्प के त्याग का गुण दत्तात्रेय ने मकड़ी से लिया था। (२४) भृंगी – दत्तात्रेय ने राजा से कहा, उनका २४ वाँ गुरु है एक भृंगी। भृंगी ऐसा एक जीव है जो किसी भी कीट को पकड़कर अपने घर के भीतर रखने में सक्षम होता है एवं उसे अपने

सम्मुख रख शब्द उत्पन्न करता रहता है। वह कीट निरंतर भृंगी का शब्द सुनते-सुनते भृंगीरूप हो जाता है। इसी प्रकार मनुष्य भी पुन: पुन: शरीर का चिन्तन करते-करते अपने शरीर विषयों को समझता है, लेकिन उसे जब होश आता है कि वह शरीर नहीं है, वह आत्मा है तब वह देह का मोह परित्याग कर आत्मरूप में स्थित होता है।

इसके पश्चात् दत्तात्रेय भगवान ने राजा से कहा -''इन २४ गुरुओं ने मुझे परमार्थ का बोध प्रदान किया है जिसे मैं निज स्वरूप आत्मा में स्थित होकर जीवन्मुक्त हो गया हूँ। अभी मैं परमानन्द में स्थित हूँ अतएव मैं समस्त चिन्ता से मुक्त होकर विचरण करता रहता हूँ।'' भगवान दत्तात्रेय द्वारा दिए गए ज्ञानोपदेशों को श्रवण कर वह राजा भी संसार-मोह त्याग कर आत्मानन्द में विभोर हो गये। दत्तात्रेय सदृश जीवन्मुक्त महाज्ञानी के चरणों का जहाँ स्पर्श हुआ वह स्थान ही पवित्र तीर्थ बन गया। दत्तात्रेय ने परिभ्रमण में ही अपना अत्यधिक जीवनयापन किया। वे जहाँ चातुर्मास में रूकते वह स्थल तीर्थ हो जाता। गिरनार पर्वत, नासिक से कुछ ही दूरी पर गोदावरी तट, अरावली पर्वत पर, नर्मदा के किनारे, श्रीनगर से कुछ दूरी के पर्वतों पर, हिमालय इत्यादि अनेक स्थानों पर दत्तात्रेय भगवान की तपोस्थली आज महान तीर्थों में परिगणित है।

